# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 09, 1433 Bangla, May 23, 2026, Saturday, No. 140, 56th year

# H I G H L I G H T S

Social Welfare and Women and Children Affairs Minister has said, no concessions will be made in cases of child rape and abuse, and maximum punishment will be ensured for criminals. (R. Today: 18)

Father of Ramisa, who was murdered in capital, has said he has cent percent faith in Prime Minister's assurance that speedy trial will be held to ensure killer's maximum punishment. (Jago News: 16)

Eleven more children have died from measles and measles-like symptoms; total death toll so far is 499. (Jago News: 12)

Road Transport and Bridges Minister has said with everyone's cooperation, it will be possible to make this year's Eid journey comfortable and smooth. (R. Today: 18)

Democratic Rights Committee has expressed concern over the rape and murder, attacks on shrines, child deaths from measles and trade agreement with USA, urging for necessary steps. (DW: 10)

16 officers and employees of BIWTA and BIWTC have been immediately stand released for unauthorized absence from duty. (Jago News: 13)

A RAB member named Emon Acharya has been stabbed to death by a robber in Sylhet. (Jago News: 12)

Both cow sacrifice and cattle farming are declining in Bangladesh year after year due to different reasons including high cost of animal feed. (BBC: 05)

West Bengal Chief Minister has announced a drive against Bangladeshi infiltrators, 'push-in' operations, and construction of a barbed wire fence along border soon. (R. Tehran: 08)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**জ্যৈষ্ঠ ০৯, বাংলা ১৪৩৩, মে ২৩, ২০২৬, শনিবার, নং- ১৪০, ৫৬তম বছর**

# শিরোনাম

সমাজকল্যাণমন্ত্রী বলেছেন, শিশু ধর্ষণ ও নির্যাতনের ঘটনায় কোনো ছাড় দেওয়া হবে না এবং অপরাধীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে। (রে. টুডে: ১৮)

রাজধানীর পল্লবীতে হত্যাকাণ্ডের শিকার রামিসার বাবা বলেছেন, প্রধানমন্ত্রীর আশ্বাসে তার শতভাগ বিশ্বাস মেয়ে হত্যার সুষ্ঠু ও দ্রুত বিচার এবং হত্যাকারীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত হবে। (জাগো নিউজ:১৬)

দেশে হাম ও হাম রোগের উপসর্গ নিয়ে আরও **১১** শিশুর মৃত্যু; এ পর্যন্ত মোট মৃতের সংখ্যা ৪৯৯ জন। (জাগো নিউজ: ১২)

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী বলেছেন, সকলের সহযোগিতায় এবারের ঈদযাত্রা স্বস্তিদায়ক ও নির্বিঘ্ন করা সম্ভব হবে। (রে. টুডে: ১৮)

গণতান্ত্রিক অধিকার কমিটি ধর্ষণ ও হত্যা, মাজারে হামলা, হামে শিশু মৃত্যু এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে। (ডয়চে ভেলে: ১০)

বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসির **১৬** জন কর্মকর্তা-কর্মচারীকে তাৎক্ষণিকভাবে স্ট্যান্ড রিলিজ করা হয়েছে। (জাগো নিউজ: ১৩)

সিলেটে ছিনতাইকারীর ছুরিকাঘাতে ইমন আচার্য নামে এক র্যাব সদস্যের মৃত্যু হয়েছে। (জাগো নিউজ: ১২)

পশুখাদ্যের উচ্চমূল্যসহ বিভিন্ন কারণে বাংলাদেশে বছর বছর গো-কোরবানি ও গবাদি পশু পালন উভয়ই হ্রাস পাচ্ছে। (বিবিসি: ০৫)

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শিগগিরই বাংলাদেশি অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে অভিযান, `পুশ-ইন, কার্যক্রম এবং সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের ঘোষণা দিয়েছেন। (রে. তেহরান: ০৮)

# বিবিসি

## 'বাংলাদেশি অনুপ্রবেশকারী' যেভাবে ফেরত পাঠাতে চায় শুভেন্দু অধিকারীর সরকার

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন যে, কথিত বাংলাদেশি 'অনুপ্রবেশকারী'দের তার রাজ্যের পুলিশ গ্রেফতার করে বিএসএফের হাতে তুলে দেবে, তারপরে তারাই ওই কথিত 'অনুপ্রবেশকারী'দের বাংলাদেশে পাঠিয়ে দেবে। কিন্তু এতদিন ধরে আইন অনুযায়ী যেভাবে বাংলাদেশি 'অনুপ্রবেশকারীদের, ফেরত পাঠানো হতো, নতুন নিয়ম তার থেকে কতটা আলাদা? বাংলাদেশ থেকে আসা কথিত 'অনুপ্রবেশকারীরা, পশ্চিমবঙ্গের নির্বাচনে সব সময়েই একটা ইস্যু হয়ে থেকেছে বিজেপির কাছে। সদ্য সমাপ্ত নির্বাচনেও এই ইস্যুতে নিয়ে সরব ছিলেন নরেন্দ্র মোদীসহ বিজেপির শীর্ষ নেতৃত্ব। ভোট শেষ হয়ে নতুন সরকার গঠনের পরেই নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন যে, কীভাবে তার সরকার কথিত বাংলাদেশি 'অনুপ্রবেশকারীদের, ফেরত পাঠাবে। প্রচলিত নিয়ম অনুযায়ী, কোনো বিদেশি নাগরিক ভারতে অবৈধভাবে প্রবেশ করলে তাকে গ্রেফতার করে আদালতে তোলা হয়, বিদেশি আইনের ১৪-এ ধারায় মামলা হয় এবং বিচারের পরে কোর্ট সেই ব্যক্তির সাজা নির্ধারণ করে। সাজার মেয়াদ শেষ হলে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে রাজ্য সরকার বাংলাদেশের দূতাবাসে যোগাযোগ করে, সেই ব্যক্তির নাগরিকত্ব ও তার নিজের দেশে ঠিকানা, ইত্যাদি সম্বন্ধে নিশ্চিত হয়ে শেষ পর্যন্ত সীমান্তরক্ষী বাহিনীর মাধ্যমে বাংলাদেশের হাতে তুলে দেওয়া হয়। এই আইন অনুমোদিত নিয়মের বাইরেও আরেকটি অলিখিত নিয়ম চলে সীমান্তে, যার নাম 'পুশ ব্যাক' পদ্ধতি। এই ক্ষেত্রে ভারতে আটক হওয়া বাংলাদেশিকে বিচার প্রক্রিয়ার বাইরে গিয়ে সীমান্তে নিয়ে যাওয়া হয় এবং রাতের অন্ধকারে সীমান্তের অন্যদিকে ঠেলে দেওয়া হয়। গত প্রায় এক বছর ধরে ভারতের বিভিন্ন রাজ্য থেকে বাংলাদেশি 'অনুপ্রবেশকারী' সন্দেহে অনেককে এভাবেই ঠেলে দেওয়া হয়েছে, যদিও তাদের মধ্যে অনেকেই ভারতের বৈধ নাগরিক ছিলেন, যাদের আবার চাপের মুখে পড়ে পরে ফিরিয়ে আনা হয়েছে। ওই পদ্ধতির আইনি বৈধতা প্রশ্নের মুখে থাকলেও, গত বছরের মে মাসে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় একটি নির্দেশিকা জারি করে, যেখানে কীভাবে সন্দেহভাজন অনুপ্রবেশকারীদের তাদের দেশে পাঠানো হবে, সেই পদ্ধতি বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। সেখানে যে পদ্ধতির কথা লেখা হয়েছে, সেটা আদতে 'পুশ-ব্যাক'-ই। 'পুশ ব্যাক' পদ্ধতি দীর্ঘদিন ধরেই বিএসএফ নিয়ে থাকে, যদিও আনুষ্ঠানিকভাবে বাহিনী কখনোই বিষয়টি স্বীকার করেনি।

**'সরাসরি বিএসএফ-এর হাতে হ্যান্ডওভার'**

বুধবার রাজ্য সচিবালয় 'নবান্ন'-এর সভাঘরে বিএসএফ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন শুভেন্দু অধিকারী। সেখানে সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় জমির একাংশ বিএসএফ-কে হস্তান্তর করা হয়। সীমান্ত সুরক্ষা এবং জমি হস্তান্তর প্রসঙ্গে কথা বলতে গিয়ে একাধিকবার 'অনুপ্রবেশকারীদের, প্রসঙ্গও তোলেন তিনি। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় গত বছর মে মাসে সন্দেহভাজন বাংলাদেশি 'অনুপ্রবেশকারীদের, নিয়ে কী করতে হবে বলে যে নির্দেশিকাটি জারি করেছিল, তা ছিল 'অতি গোপনীয়'। তবে সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বেশ কয়েকবার এই নির্দেশিকার বিষয়টি উল্লেখ করেছিলেন রাজনৈতিক সভায়। কিন্তু সেটির বিষয়বস্তু কখনোই প্রকাশ্যে আসেনি। ওই নির্দেশিকার প্রসঙ্গ উল্লেখ করে বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, "আমাদের ভারত সরকারের পক্ষ থেকে ১৪ মে ২০২৫-এ যারা অবৈধ বাংলাদেশি অনুপ্রবেশকারী, তাদের সরাসরি বিএসএফ-এর হাতে হ্যান্ডওভার করার জন্য একটি নির্দেশিকা পাঠানো হয়েছিল। "তারিখটা আবার বলি, ১৪.০৫.২০২৫। অর্থাৎ এক বছরেরও বেশি আগে। পশ্চিমবঙ্গের আগের সরকার একদিকে শরণার্থীদের সিএএ দেওয়ার ক্ষেত্রে বিরোধিতা করেছে; অন্যদিকে, এই গুরুত্বপূর্ণ সুযোগ বা আইনকে কাজে লাগায়নি। আজ থেকে আমরা এই আইন কার্যকর করলাম,„ ঘোষণা শুভেন্দু অধিকারীর।এর আগে, শুভেন্দু অধিকারী ঘোষণা করেছিলেন যে, তার অধীনে থাকা রাজ্য পুলিশ সন্দেহভাজন 'অনুপ্রবেশকারী' আটক করে বিএসএফের হাতে তুলে দেবে। এরপরে তারা বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে যোগাযোগ করে ওই কথিত 'অনুপ্রবেশকারীকে, সীমান্ত পার করে দেবে।

সম্প্রতি, আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমে সাক্ষাৎকার দিতে গিয়ে এই পদ্ধতিটি বিস্তারিতভাবে জানিয়েছিলেন। এর আগে, বছরের শুরুতে এক সংবাদ সম্মেলনে তিনি বলেছিলেন, "কোনো ব্যক্তিকে বিদেশি ট্রাইব্যুনাল অবৈধ বিদেশি বলে চিহ্নিত করার এক সপ্তাহের মধ্যে সীমান্ত দিয়ে `পুশ-ব্যাক, করে দেবে সরকারি ব্যবস্থাপনা। আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি যে, বিদেশি ট্রাইব্যুনাল যাদের বিদেশি বলে ঘোষণা করবে, তাদের সাত দিনের মধ্যে `পুশ-ব্যাক, করে দেওয়া হবে, যাতে হাইকোর্ট আর সুপ্রিম কোর্টে তারা আপিল করে প্রক্রিয়াটি দীর্ঘায়িত না করতে পারে।„ আন্তর্জাতিক সম্পর্ক নিয়ে গবেষণা করেছেন দিল্লির ড. উপমন্যু বসু। এই বিশেষজ্ঞ বলেছেন, "আসামের মডেলই এখানে (পশ্চিমবঙ্গ) অনুকরণ করা হয়েছে। বিজেপি তাদের ইশতেহারে প্রতিশ্রুতি দিয়েছিল, সেগুলিই এখন বাস্তবায়িত হচ্ছে।„ "তাদের নির্বাচনি ইস্যুর মধ্যে বড়ো বিষয় ছিল অনুপ্রবেশ। বিএসএফকে জমি দেওয়া শুরু হয়েছে এবং এখন অবৈধ অনুপ্রবেশের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে।„ "বৃহত্তরভাবে যদি বিষয়টিকে দেখা হয়, তাহলে যে-কোনো সরকারের কাছেই অবৈধ অনুপ্রবেশ গুরুতর বিষয়। সরকার পদক্ষেপ নিতে পারে। আবার

এক্ষেত্রে এটাও ঠিক যে, নির্দিষ্ট কোনো সম্প্রদায়কে নিশানা করা হচ্ছে বলে কেউ ভাবতে পারেন। সমস্ত কিছু মিলিয়ে একটা গ্রে এরিয়া আছে,„ বলছিলেন ড. বসু।

**'ডিটেক্ট, ডিলিট, ডিপোর্ট'**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগে একাধিকবার কথিত 'অনুপ্রবেশকারীদের, সম্বন্ধে বলতে গিয়ে বলেছিলেন যে, প্রথমে 'ডিটেক্ট', তারপরে 'ডিলিট', অবশেষে 'ডিপোর্ট'। অর্থাৎ প্রথম চিহ্নিত করা হবে, তারপরে তালিকা থেকে নাম বাদ দেওয়া হবে, তারপরে প্রত্যর্পন করা হবে। কোন তালিকা থেকে কথিত 'অনুপ্রবেশকারীদের, নাম বাদ দেওয়া হবে, তা উল্লেখ না করলেও ধরে নেওয়া যায় যে, অবৈধভাবে কোনো বিদেশি যদি ভারতে থেকে থাকেন এবং দেশের নাগরিক তালিকায় তার নাম থেকে থাকে, তাহলে সেখান থেকে তার নাম বাদ দেওয়া হবে। এর পরের ধাপে আসবে প্রত্যর্পন। কারা এর আওতা থেকে বাইরে তা ব্যাখ্যা করেছেন মি. অধিকারী। তার কথায়, "এর ফলে সিএএ-র অন্তর্ভুক্ত যারা, অর্থাৎ সিএএ তে বলা আছে যে, কমিউনিটি 'সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট অ্যাক্টের' আওতায় আসবে এবং যারা ৩১.১২.২০২৪ পর্যন্ত (ভারতে) এসেছেন, তাদের পুলিশ কোথাও হ্যারাস, ডিটেন করতে পারবে না।„ "সিএএ-এর আওতায় যারা নেই, তারা হলেন কমপ্লিটলি অবৈধ অনুপ্রবেশকারী, ইনফিল্ট্রেটার্স। তাদেরকে সরাসরি রাজ্য পুলিশ গ্রেফতার করবে, ডিটেন করবে এবং হ্যান্ডওভার করবে বিএসএফ-এর হাতে এবং বিডিআর-এর সঙ্গে কথা বলে তাদেরকে ডিপোর্ট করার ব্যবস্থা করবে। অর্থাৎ, ডিটেক্ট, ডিলিট... এবার ডিপোর্ট।„ মি. অধিকারী বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীকে সেটির আগেকার নাম, বিডিআর বলেই উল্লেখ করেছেন। তিনি জানিয়েছেন, পশ্চিমবঙ্গের সীমান্ত সংলগ্ন থানাগুলোকে এই বিষয়ে ইতোমধ্যে জানানো হয়েছে। সিএএ বা ভারতের সংশোধিত নাগরিকত্ব আইনে বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তানের হিন্দু, শিখ, বৌদ্ধ, খ্রিষ্টান বা জৈন ও পার্শি সম্প্রদায়ের যে মানুষরা ভারতে চলে এসেছেন ধর্মীয় উৎপীড়নের শিকার হয়ে, তাদের ভারতীয় নাগরিকত্ব দেওয়ার কথা বলা হয়েছে। তবে ওইসব দেশের মুসলমানদের ওই আইনের আওতার বাইরে রাখা হয়েছিল। ফলে 'সিএএ-এর আওতায় যারা নেই'- এ কথা বলে তিনি স্পষ্টত মুসলিমদের প্রতিই ইঙ্গিত করেছেন। কিন্তু এই প্রশ্নও উঠছে যে, সংশোধিত নাগরিকত্ব আইন তো প্রতিবেশী কয়েকটি দেশ থেকে যে-সব অ-মুসলিম ভারতে চলে এসেছেন, তাদের ভারতের নাগরিকত্ব পাওয়ার আইন, তার আওতার বাইরে থাকা কাউকে কীভাবে 'অবৈধ অনুপ্রবেশকারী' হিসেবে চিহ্নিত করা যেতে পারে?

ভারত-বাংলাদেশ সীমান্ত অঞ্চলে মানবাধিকারের ইস্যু নিয়ে কাজ করে, এমন একটি স্বেচ্ছাসেবী সংগঠন 'মাসুম'-এর প্রধান কিরীটি রায় বলছেন, "মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন, তা সংবিধানবিরোধী। কেউ যদি অপরাধ করে থাকে, তার জন্য দেশে আইন আছে, আদালত আছে। মুখ্যমন্ত্রী বলেছেন, প্রথমে ডিটেক্ট করা হবে, ডিলিট করা হবে এবং তারপর ডিপোর্ট করা হবে। এতে কোথাও আইন-আদালতের কথা নেই।„ এই প্রসঙ্গে কথা বলতে গিয়ে তিনি অন্যান্য রাজ্যের ঘটনাও উল্লেখ করেছেন। তার কথায়, "এর আগে মহারাষ্ট্র, গুজরাট, ওড়িশা, রাজস্থানের মতো বিভিন্ন রাজ্য থেকে বাঙালি মুসলমানদের তুলে নিয়ে গিয়ে ডিপোর্ট করা হয়েছে। এই নিয়ে সুপ্রিম কোর্টে মামলা হয়েছে এবং সেখানে বহু ক্ষেত্রে প্রমাণ হয়েছে, যাদের পাঠানো হয়েছিল তারা ভারতীয়।„

**রাজনৈতিক বিতর্ক**

প্রথম থেকেই পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সিএএ-এর বিরুদ্ধে ছিলেন। তিনি রাজ্যে এটি কার্যকর হতে দেবেন না বলেও বহুবার বলেছেন। বিজেপির তোলা কথিত 'অবৈধ অনুপ্রবেশ' ইস্যু নিয়েও বারবার সরব হয়েছিলেন তিনি, যাকে ঘিরে রাজনৈতিক উত্তাপও বিভিন্ন সময়ে বেড়েছে। বুধবার শুভেন্দু অধিকারীর পদক্ষেপের ঘোষণার পর এই নিয়ে নতুনভাবে রাজনৈতিক বিতর্ক শুরু হয়েছে। তৃণমূলের বিধায়ক তথা দলের মুখপাত্র কুণাল ঘোষ সাংবাদিকদের বলেছেন, "যদি অনুপ্রবেশের সমস্যা শুধু পশ্চিমবঙ্গে হয়ে থাকে, তাহলে ত্রিপুরাতে ধরা পড়েছিল কীভাবে? সেখানে তো বিজেপি সরকার। বিএসএফ কী করছিল? সেটি তো কেন্দ্রের হাতে।„ রাজ্যে ক্ষমতায় আসার অল্প দিনের মধ্যেই বিজেপি সরকারের পদক্ষেপ নিয়ে কটাক্ষও করতে ছাড়েনি তিনি। তার কথায়, "এখন নতুন নতুন এসেছে (ক্ষমতায়)। অনেক কিছুই করবে।„ এই প্রসঙ্গে বিজেপির রাহুল সিনহার সঙ্গে কথা বলেছিল বিবিসি বাংলা। তিনি বলেছেন, "সিপিএম-এর সময় থেকেই পশ্চিমবঙ্গে এই ইস্যুটা রয়েছে। সিপিএমও বাংলাদেশ থেকে অনুপ্রবেশকারীদের এনে ভোটার লিস্টে নাম ঢোকানো, তাদের নাম ভোটার লিস্টে তুলে ভোটে জেতার মতো কাজ করে এসেছে।„ "তৃণমূল আসার পর দেখল, এর চেয়ে ভালো কোনো রাস্তাই নেই। তৃণমূল একে চূড়ান্ত পর্যায় নিয়ে গেল। এর ফলে ধীরে ধীরে পশ্চিমবঙ্গে জনসংখ্যার ভারসাম্য নষ্ট হচ্ছে। আমরাই একমাত্র দল, যারা অনুপ্রবেশের বিরুদ্ধে,„ মন্তব্য মি. সিনহার।

এদিকে, গত বছর সরকার যাদের 'অবৈধ অনুপ্রবেশকারী' বলে সন্দেহ করছে এমন ব্যক্তিদের চিহ্নিত করতে মহারাষ্ট্র, আসাম, ওড়িশা, দিল্লি-সহ বিভিন্ন রাজ্যে ধড়-পাকড় চলেছে। একদিকে কেন্দ্র সরকার যেমন দেশের সুরক্ষার জন্য এই পদক্ষেপ গুরুত্বপূর্ণ বলে দাবি করেছে, তেমনই একাধিক মানবাধিকার সংস্থা অভিযোগ করেছে, বাংলাভাষী মুসলিমদের সমস্যায় পড়তে হয়েছে ওই সব রাজ্যে। বিরোধীরাও এই নিয়ে সরব হয়েছে। বাংলাদেশের পক্ষ থেকেও এই নিয়ে প্রতিক্রিয়া পাওয়া গিয়েছিল। সীমান্তবর্তী বিজেপিশাসিত রাজ্য আসাম, ত্রিপুরা থেকে সাম্প্রতিক সময়ে বলপূর্বক

বাংলাদেশে পাঠানোর একাধিক ঘটনা ঘটেছে। পশ্চিমবঙ্গের সীমান্ত দিয়েও এরই পুনরাবৃত্তি ঘটেছে বলেও অভিযোগ উঠেছে। কিন্তু এর মোট সংখ্যা কত সে সম্পর্কে কোনো তথ্য নেই। যাদের কেন্দ্র সরকার কথিত 'অনুপ্রবেশকারী' বলে চিহ্নিত করেছে তাদের সংখ্যা ঠিক কত, তা সংসদে জানতে চেয়েছেন বিরোধীরা। তাদের দাবি 'সদুত্তর' মেলেনি। তারা এই অভিযোগও তুলেছেন যে, নির্দিষ্টভাবে একটি সম্প্রদায়ের মানুষকে 'নিশানা' করা হচ্ছে বা "বাংলা বললেই বাংলাদেশি তকমা দেওয়া হচ্ছে„। কলকাতার 'সেন্টার ফর স্টাডিজ ইন সোশ্যাল সায়েন্সেস'-এর রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মইদুল ইসলাম বলছেন, "এই যে অনুপ্রবেশকারী বলা হচ্ছে, তাদের সঠিক সংখ্যা কত? সে বিষয়ে কি রাজ্য সরকার কিছু বলেছে? সেটা তারা বলবে না।„ "এই অ্যাবস্ট্রাক্ট কথা বলা আসলে হেট-মঙ্গারিং (বিদ্বেষ ছড়ানো) করা এবং একটি কমিউনিটিকে টার্গেট করা ছাড়া কিছু নয়।„ বিজেপি নেতা রাহুল সিনহাকে এই প্রসঙ্গে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, "তথ্য তো কংগ্রেস এবং তৃণমূল সরকার নেয়নি। ওরা দিতে দেয়নি। আর দ্বিতীয়ত একটা সম্প্রদায়কে টার্গেট করা হচ্ছে বলে যে কথা বলছে, তো আমরা স্পষ্ট করে বলেছি, বাংলাদেশ থেকে আসা মুসলিম অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে ফেরত পাঠাতে হবে।„ "এখানে যে ভারতীয় মুসলমান আছেন, তারা তো বহাল তবিয়তে থাকছেন। ভারতীয় নাগরিকদের মধ্যে কোনো ভেদাভেদ নেই।„

(বিবিসি ওয়েব পেজ : ২২.০৫.২০২৬ নারগীস)

## বাংলাদেশে বছর বছর গরু কোরবানি কেন কমছে?

"এইবার গরু কিনছি ব্যাংকের লোন (ঋণ) নিয়া। এরপর গরু পালতে যে খরচ হইছে, যদি সেই অনুযায়ী দাম না পাই, তাইলে বিষ খায়া মরা ছাড়া উপায় থাকবে না।„ কিছুটা ক্ষুব্ধ স্বরে কথাগুলো বলছিলেন, ঢাকার অদূরে মানিকগঞ্জের কৃষক শেখ ফরিদ। বিবিসি বাংলাকে তিনি জানান, গতবছর কোরবানি ঈদে গরু পালন করেছিলেন চারটি। ঈদের সময় সব কটিই বিক্রি করতে পেরেছিলেন। তবে তার ভাষায়, যথাযথ দাম পাননি। গত বছরের লোকসানের অভিজ্ঞতায় এবার গরু পালন কমিয়ে দিয়েছেন বলেও তিনি জানান। এবার গরু কিনেছেন মাত্র একটি, সেটাও কিনেছিলেন ব্যাংক থেকে ঋণ নিয়ে। সারা বছর গরু পালন করে এখন কোরবানির সময়ে দাম নিয়ে দুঃশ্চিন্তায় মানিকগঞ্জের এই কৃষক। কিন্তু দাম নিয়ে দুঃশ্চিন্তা কেন? এমন প্রশ্নে শেখ ফরিদ জানান, ক্রেতারা চাহিদা অনুযায়ী দাম বলছে না। "গরুটা আমার তিন মন ওজনের। এর পেছনে সব মিলায়ে খরচই আছে এক লাখ ২০ হাজার টাকা। মাইনষে দাম কয় এক লাখ টাকা। তাও ভালো কইরা কয় না। তাহলে আমি এত বছর লেবারি করলাম, আমার বউ-পোলাপান গরু লালন-পালন করলো, বাচ্চার মতো কইরা লালন-পালন করছি। এই পরিশ্রম তো মাইর গেলোই, আবার আমি খাবার খাওয়াইছি। এইটাও লস। তাহলে তো আমার মরা ছাড়া উপায় নাই!„ এই কথার পর শেখ ফরিদ আরো বলেন, তিনি এখন হিসাব করছেন, গরু পালন করাই ভবিষ্যতে বন্ধ করে দেওয়ার। "আর ইচ্ছা নাই। আমার গোয়ালে সাতটা গরু ধরে। এখন সাতটা আর পালি না। এই বছর একটা গরু রাখছি। ধীরে ধীরে কমায় দিতেছি। এইবার দাম না পাইলে খামার আর রাখুম না। মাফ চাই।„ কোরবানির জন্য গরু পালন করতে গিয়ে শেখ ফরিদের যে অবস্থা, সেটা বিচ্ছিন্ন কোনো অবস্থা নয়। অনেকেই কোরবানির জন্য প্রস্তুত করা গরু বিক্রিতে লাভ কমে যাওয়ার কথা বলছেন এবং এর ফলে গরু পালন কমিয়ে দেওয়ার কথাও বলছেন। অথচ ঐতিহাসিকভাবে বাংলাদেশে কোরবানির ঈদে যত গরু কোরবানি হয়, তার অর্ধেকেরও বেশি মূলত গরু। সঙ্গে কিছু মহিষও থাকে। এছাড়া, দেশটিতে ভোজন বিলাসের জন্যও গরুর মাংস বেশ জনপ্রিয়। কিন্তু এরপরও দেখা যাচ্ছে, সাম্প্রতিক বছরগুলোতে গরু কোরবানির সংখ্যা কমছে।

### গরু কোরবানি কেন কমছে?

বাংলাদেশে প্রান্তিক খামারিরা কোরবানির ঈদে গরুর ক্রেতা কমে যাওয়ার যে কথা বলছেন, পরিসংখ্যানেও সেই একই চিত্র দেখা যায়। তবে দেশটিতে সব সময় এমন অবস্থা ছিল না। প্রাণিসম্পদ অধিদপ্তরের একটি পরিসংখ্যানে ২০১৭ সাল থেকে বাংলাদেশে পশু কোরবানির সংখ্যা উল্লেখ করা আছে। সেখানে দেখা যায়, ২০১৭ সালে যে সংখ্যক গরু কোরবানি হয়েছে, তার পরের বছরগুলোতে সেটা ধারাবাহিকভাবে বেড়েছে। পরিসংখ্যান অনুযায়ী, ২০১৭ সালে বাংলাদেশে কোরবানিকৃত গরুর সংখ্যা ছিল ৪৪ লাখ ৭৩ হাজার। পরের বছর অর্থাৎ ২০১৮ সালে এই সংখ্যা বেড়ে দাঁড়ায় ৫৩ লাখ ৯১ হাজার। অর্থাৎ এক বছরে বেড়ে যায় ৯ লাখেরও বেশি। এরপর ২০১৯ সালে গরু কোরবানির সংখ্যা আরো বেড়ে হয় ৫৬ লাখ ৫৯ হাজার। কিন্তু এরপরই হঠাৎ এই সংখ্যা কমতে শুরু করে ২০২০ সালে কোভিড মহামারির সময় থেকে। ২০২০ সালে কোরবানিকৃত গরুর সংখ্যা কমে দাঁড়ায় ৫০ লাখে। এরপর ২০২১ সালে আরো কমে দাঁড়ায় ৪০ লাখে। অর্থাৎ দুই বছরের ব্যবধানে গরু কোরবানির সংখ্যা নাটকীয়ভাবে কমে যায় প্রায় ১৬ লাখ। তবে, কোভিডের সংক্রমণ কমে পরিস্থিতি স্বাভাবিক হতে থাকার পর গরু কোরবানির সংখ্যা আবারও বাড়তে শুরু করে। দেখা যায়, ২০২২ সালে গরু কোরবানি বেড়ে দাঁড়ায় ৪৫ লাখ ৬৫ হাজারে। আর ২০২৩ সালে প্রায় একই রকম ৪৫ লাখ ৮১ হাজার গরু কোরবানি হয়। ২০২৪ সালে সংখ্যাটা বৃদ্ধি পেয়ে হয় ৪৭ লাখ ৬৬ হাজার। কিন্তু এরপরই গত বছর অর্থাৎ ২০২৫ সালে সংখ্যাটা আবারও কমে আসে, যার পরিমাণ ৪৬ লাখ ৫০ হাজার। সব মিলিয়ে কোভিড পূর্ববর্তী সময়ে, অর্থাৎ ২০১৯ সালে গরু কোরবানি যেখানে হয়েছিল ৫৬ লাখ ৫৯ হাজার, সেখানে ২০২৫ সালেও

সংখ্যাটা ৪৬ লাখ ৫০ হাজার। অর্থাৎ কোভিডের কয়েক বছর পরও কোরবানির সংখ্যা কোভিডের আগে যে পর্যায়ে ছিল, তার চেয়ে ১০ লাখ কম। কিন্তু কোরবানির জন্য বাংলাদেশে গরুই যেখানে বেশিরভাগ মানুষের পছন্দ, সেখানে এই কমে যাওয়ার ব্যাখ্যা কী? জানতে চাইলে শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতির অধ্যাপক রিপন কুমার মণ্ডল বিবিসি বাংলাকে মূলত তিনটি কারণের কথা বলেন। প্রথমত, কোভিড পরবর্তী অর্থনৈতিক দুর্বলতা যার ফলে মানুষের ক্রয়ক্ষমতা কমে যায়। দ্বিতীয়ত, উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় গরুর দাম বৃদ্ধি। তৃতীয়ত, খরচ কমাতে গরুর পরিবর্তে ছাগল বা ভেড়া কোরবানি দেওয়ার প্রবণতা। তিনি বলেন, "গরুসহ সব ধরনের পশু কোরবানিটাই কিন্তু কমে গেছে। এটা ঘটেছে মূলত, কোভিড মহামারির সময় থেকে। অর্থাৎ এখানে আর্থ-সামাজিক ভূমিকা আছে। আপনি দেখবেন, মানুষের ক্রয়মক্ষমতা কমে গেছে। মূল্যস্ফীতি নয় শতাংশের উপরেও চলে যাচ্ছে। ফলে বিশেষত, মধ্যবিত্ত শ্রেণির অনেকেই গরু কিনতে এক লাখ বা তার বেশি টাকা খরচ না করে আট হাজার বা দশ হাজার টাকায় ছাগল কিনছে। আর্থিক সক্ষমতা এখানে একটা বড় ফ্যাক্টর।„

**এবার কি দাম বাড়বে?**

কেরানিগঞ্জে একটি গরুর খামারে এ বছর প্রায় দুইশত গরুর দেখ-ভাল করছেন ম্যানেজার মো. কবির। এর মধ্যে কিছু গরু বিক্রি হয়েছে, কিছু গরু এখনো বিক্রির অপেক্ষায়। মো. কবির জানাচ্ছেন, এবারো ছোটো বা মাঝারি সাইজের গরুর চাহিদা বেশি। দাম নিয়ে জানতে চাইলে তিনি বলেন, আগের বছরের তুলনায় গরু প্রতি ১০ হাজার থেকে ১৫ হাজার টাকা দাম বেড়েছে। তবে বড়ো গরুর ক্ষেত্রে দাম বৃদ্ধি আরো বেশি। "ধরেন খাওয়া খরচ, লেবার খরচ, বিদ্যুৎ খরচ- সব মিলিয়েই দাম বাড়াতে হয়েছে। ফলে ছোটো গরুর চাহিদা বেশি। এখন আমাকে তো খরচ তুলে লাভ করতে হবে। ক্রেতারা আসছে, খামারগুলোতে ঘুরছে, দাম-দর দেখছে। কিন্তু এখানে তো কোনো খামার কম টাকায় গরু দিতে পারছে না। কম দেওয়ার কোনো সিচুয়েশনও নাই,„ বলেন তিনি। একইভাবে মানিকগঞ্জের হরিরামপুরের খামারি কুদ্দুস মোল্লাও বলছেন, খরচ তুলতে হলে গরুর দাম বেশি রাখতেই হবে। "যদি দাম না পাই, গরু বেচমু না। এবার এটাই ঠিক করছি। আসলে দাম আছে, কিন্তু সেইটা শহরে। দাম বাড়ে শহরে-বন্দরে। কিন্তু গ্রামে আমরা দাম পাই না। কারণ বেপারিদের কাছে গরু বেইচা ফালাই। বেপারিরা তো আর আমাদের বেশি দাম দিতে চায় না।„ তার আশা, এবার নিজেই গরু হাটে তুলবেন, এতে করে গরুর ভালো দাম পাবেন।

**গরু বিক্রি না হলে ক্ষতি পোষাবে কীভাবে?**

একদিকে বছর বছর গরুর দাম বাড়ছে, অন্যদিকে কমছে গরু কোরবানির সংখ্যা। ফলে খামারিদেরও কেউ কেউ এবার গরু পালনের সংখ্যা কমিয়ে দিয়েছেন। ফলে প্রশ্ন উঠছে, এবার তাহলে কোরবানির জন্য গরুর সরবরাহ কেমন? এক্ষেত্রে প্রাণিসম্পদ অধিদপ্তর অবশ্য বলছে, চাহিদার তুলনায় সরবরাহ বেশি আছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের হিসেব বলছে, এ বছর কোরবানির জন্য সারা দেশে খামারিরা গরু ও মহিষ প্রস্তুত করেছেন প্রায় ৫৭ লাখ। অর্থাৎ গত বছর যে ৪৬ লাখ গরু কোরবানি হয়েছে, এবার প্রস্তুতকৃত গরু ও মহিষের সংখ্যা তার চেয়ে প্রায় ১১ লাখ বেশি। সামগ্রিকভাবে কোরবানির জন্য গরু-মহিষ, ছাগল-ভেড়াসহ গবাদিপশু চাহিদার তুলনায় বেশি আছে বলেই জানাচ্ছে অধিদপ্তর। চলতি মে মাসের শুরুতেই মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ ঢাকায় আনুষ্ঠানিক এক প্রেস ব্রিফিংয়ে জানিয়েছেন, এবছর দেশে কোরবানিযোগ্য গবাদি পশু রয়েছে ১ কোটি ২৩ লাখ। এর বিপরীতে কোরবানি হতে পারে ১ কোটি ১ লাখ। সে হিসাবে এবার কোরবানির পর সোয়া ২২ লাখ পশু উদ্বৃত্ত থাকবে। কিন্তু যারা সারা বছর ধরে কোরবানির জন্য, বিশেষত, গরু প্রস্তুত করেছেন, তারা যদি বিক্রি করতে না পারেন, তাহলে অবিক্রিত গরুর ক্ষতি পোষাবে কীভাবে? এমন প্রশ্নে প্রাণিসম্পদ অধিদপ্তরের উপ-পরিচালক (খামার) মো. শরীফুল হক বিবিসি বাংলাকে বলেন, উদ্বৃত্ত থাকলেও খামারিদের ক্ষতিগ্রস্ত হওয়ার সুযোগ নেই। তিনি বলেন, "প্রতি বছরই কিছু উদ্বৃত্ত থাকে। কিন্তু যদি গরুর কথাই ধরেন, তাহলে দেখা যাবে যে, সারা বছর যে পরিমাণে জবাই হয়, তার অর্ধেক হয় কোরবানিতে। আর বাকি অর্ধেক জবাই হয় সারা বছর। অর্থাৎ মাংসের চাহিদা কিন্তু সারা বছরই আছে। বছরজুড়ে নানা রকম বড়ো বড়ো অনুষ্ঠান হয়, বিয়ের অনুষ্ঠান হয়- এগুলোতে কিন্তু গরুর মাংসের চাহিদা থাকেই। সুতরাং গরু ঈদে বিক্রি না করতে পারলেও, লোকসান হওয়ার সুযোগ নেই।„ প্রাণিসম্পদ অধিদপ্তর যদিও বলছে, সারাবছরই মাংসের চাহিদা থাকায় কোরবানির জন্য প্রস্তুত করা গরু অন্য সময়ও বিক্রি করা যাবে, তবে খামারিরা বলছেন, মাংসের দামে গরু বিক্রি করলে যে লাভ হয়, তাতে গরু পালনের খরচ এবং পরিশ্রম 'উসুল হয় না'।

(বিবিসি ওয়েব পেজ : ২২.০৫.২০২৬ আলী আহমেদ)

## ডিম নিক্ষেপ-হামলা, নাসীরুদ্দীন পাটওয়ারী ও ছাত্রদলের পাল্টাপাল্টি বক্তব্য

ঝিনাইদহে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি নেতা নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার ঘটনা ঘটেছে। এর পেছনে ছাত্রদলের নেতা -কর্মীরা জড়িত বলে অভিযোগ করেছেন তিনি। ঝিনাইদহ জেলার পুরাতন ডিসি কোর্ট এলাকায় শুক্রবার জুমার নামাজের পর এই হামলার ঘটনা ঘটেছে বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীরা জানান , নামাজের পর এনসিপির নেতা-কর্মীদের সঙ্গে মসজিদ থেকে বের হওয়ার পথে নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর ডিম নিক্ষেপ করা হয়।

এসময় হামলাকারীদের সঙ্গে মি . পাটওয়ারীর সমর্থকদের হাতাহাতি ও মারপিটের ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছেন বলেও জানা গেছে। মি . পাটওয়ারী দাবি করেছেন , ছাত্রদলের নেতা -কর্মীরাই তার ওপর এই হামলা চালিয়েছে। হামলায় তার নেতা -কর্মীরা আহত হয়েছেন বলেও জানিয়েছেন তিনি। যদিও এই অভিযোগ অস্বীকার করেছে ঝিনাইদহ জেলা ছাত্রদল। তারা বলছে , বিএনপির কেন্দ্রীয় নেতাদের নিয়ে বিভিন্ন কুরু চীপূর্ণ বক্তব্য দেওয়ায়, সাধারণ মানুষ নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর ডিম নিক্ষেপ করেছে।

এদিকে, এই ঘটনায় ঝিনাইদহ শহরে কিছুটা রাজনৈতিক উত্তেজনা থাকলেও , পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছে পুলিশ। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আসাদ উজ্জামান জানিয়েছেন, এই ঘটনায় অন্তত তিনজন আহত হয়েছেন। লিখিত অভিযোগ পেলে এ বিষয়ে আইনি পদক্ষেপ নেওয়ার কথাও জানিয়েছেন তিনি। ঝিনাইদহ জেলার পুরাতন ডিসি কোর্ট এলাকায় জুমার নামাজের পর , নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার ঘটনা ঘটে। এসময় তার দিকে লক্ষ্য করে বেশ কয়েকটি ডিম নিক্ষেপ করতে দেখা যায়। সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া একাধিক ভিডিওতে দেখা গেছে, এনসিপি নেতা মি. পাটওয়ারী নামাজ শেষে দলীয় নেতা -কর্মীদের সঙ্গে বেরিয়ে আসার পথেই তার ওপর হামলা করা হয়। এসময় তার সঙ্গে থাকা নেতা -কর্মীদের সঙ্গে হামলাকারীদের সংঘর্ষে র ঘটনাও ঘটে। দুইপক্ষের মারপিটে বেশ কয়েকজন আহত হন। নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার পরপরই নিজের ভেরিফায়েড ফেসবুক পেইজে একটি পোস্ট দেন এনিসিপি নেতা সারজিস আলম। যেখানে তিনি জানান , ”কিছুক্ষণ আগে ঝিনাইদহে জুমার নামাজ শেষে ছাত্রদলের সন্ত্রাসীরা নাসীরুদ্দীন পাটও য়ারীর উপর অতর্কিত হামলা চালায়। র ক্তাক্ত হয়ে কয়েকজন হাসপাতালে!„ ঝিনাইদহের স্থানীয় গণমাধ্যমকর্মী শাহরিয়ার রহমান রকি জানান , রাজনৈতিক কর্মসূচিতে অংশ নিতেই ঝিনাইদহে আসেন এনসিপি নেতা নাসীরুদ্দীন পাটওয়ারী। নামাজের আগে থেকেই পুরাতন ডিসি কোর্ট মাসজিদ এলাকায় দু ইপক্ষের নেতা-কর্মীদের মধ্যে উত্তেজনা ছিল বলেও জানান তিনি। ”হামলার আগে ”ভুয়া ভুয়া„ স্লোগান দিয়ে একটি পক্ষ বিক্ষোভ শুরু করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরে দুইপক্ষের মধ্যে পাল্টাপাল্টি হামলার ঘটনা ঘটে এবং নাসীরুদ্দীন পাটওয়ারীকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ করা হয়,„ বিবিসি বাংলাকে বলেন মি. রকি।

এই ঘটনার প্রত্যক্ষদর্শী ঝিনাইদহের কলাবাগান এলাকার বাসিন্দা শামীম হায়দার খান বিবিসি বাংলাকে জানান , নামাজের পর মসজিদের গেইটে নাসীরুদ্দীন পাটওয়ারীর সঙ্গে কথা বলতে যান ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ। ”তাদের কথা বলার এক পর্যায়ে ভিড়ের মধ্য থেকে হঠাৎই নাসীরুদ্দীন পাটওয়ারীকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ করা হয় ,” বিবিসি বাংলাকে বলেন তিনি। এই হামলার পেছনে ছাত্রদলের নেতা -কর্মীরা জড়িত বলে অভিযোগ করেছেন নাসীরুদ্দীন পাটওয়ারী। তার দাবি , ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক সা হেদ আহম্মেদের নেতৃত্বে এই হামলার ঘটনা ঘটেছে। নাসীরুদ্দীন পাটওয়ারী বলছেন , মসজিদ থেকে বের হওয়ার পথে ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতির নেতৃত্বে দেশী য় অস্ত্র নিয়ে তার ওপর হামলা করা হয়। ”তারা অনেকগুলো ডিম নিক্ষেপ করেছে, হকস্টিক দিয়ে পিটিয়েছে। আমাদের অনেক ভাই এখানে আহত হয়েছেন , তিনজনকে হাসপাতালে নেওয়া হয়েছে ,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ। তিনি বলছেন , মসজিদের বাইরে মি . পাটওয়ারীর সঙ্গে কথা বলতে গেলেও হামলার সঙ্গে তিনি বা ছাত্রদলের কেউ জড়িত নন। ”নাসীরুদ্দীন পাটওয়ারী বিভিন্ন জায়গায় গিয়ে বিএনপির শীর্ষ নেতাদেরসহ আমাদের নিয়ে কটূক্তিমূলক বক্তব্য দেয় , বিভিন্ন কুরুচিপূর্ণ মন্তব্য করে। তারই প্রেক্ষি তে মসজিদ থেকে বেরিয়ে তার সঙ্গে আমি কথা বলছিলাম। এর মধ্যে ঝিনাইদহের উত্তেজিত ছাত্র -জনতা তার ওপ রে ডিম নিক্ষেপ করেছে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। হামলায় নেতৃত্ব দেওয়ার অভিযোগ অ স্বীকার করে মি . আহম্মেদ বলছেন, ”ছাত্র-জনতা তার নিজ দায়িত্বে নাসীরুদ্দীন পাটওয়ারীকে প্রতিহত করেছে।„

এদিকে, এই ঘটনার পর থেকেই ঝিনাইদহ শহরে উত্তেজনা বিরাজ করছে বলে জানা গেছে। শহরের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে আইন-শৃঙ্খলা বাহিনীকে টহল দিতেও দেখা গেছে। যদিও পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে বলেই জানিয়েছে পুলিশ। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আসাদউজ্জামান জানিয়েছেন , ঘটনার পরই থানায় গিয়ে মৌখিক অভিযোগ জানিয়েছেন মি. পাটওয়ারীসহ এনসিপির নেতা-কর্মীরা। ”লিখিত অভিযোগ দায়েরের প্রক্রিয়া চলছে, আমরা ব্যবস্থা নেব। ছাত্রদলের নেতা -কর্মীরা হামলা চালিছেন বলেই জানিয়েছে তারা। এখন পরিস্থিতি স্বাভাবিক আছে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ এলিনা)

# রেডিও তেহরান

## পশ্চিমবঙ্গে গরু বর্জনের আহ্বান এক ইমামের

উগ্র হিন্দুদের দল বিজেপি পশ্চিমবঙ্গের ক্ষমতায় আসার পর গরু জবাই নিয়ে চলছে এক মহাকেলেঙ্কারি। আসন্ন কোরবানি সামনে রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে নির্দেশ জারি করা হয়েছে প্রশাসনের অনুমতি ছাড়া কেউ গরু জবাই করতে পারবে না। কেবলমাত্র অতিশয় বৃদ্ধ, চাষাবাদে অক্ষম, অসুস্থ গরু জবাই করা যাবে। এবার কোরবানি সামনে রেখে হিন্দু ব্যবসায়ীদের মধ্যে তীব্র ক্ষোভ আর অসন্তোষ ছড়িয়ে পড়ে। অনেকে রাস্তায় নেমে বিক্ষোভ শুরু করে

সরকারের বিরুদ্ধে। এরই মধ্যে পশ্চিমবঙ্গের এক প্রভাবশালী ইমাম মুসলমান সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন গরু কোরবানি না করার এবং গরুর মাংস খাওয়া সম্পূর্ণ বন্ধ রাখার। এই ইমাম হলেন - কলকাতার ঐতিহাসিক নাখুদা মসজিদের মাওলানা মো. শফিক কাসেমী। তিনি মুসলমান সম্প্রদায়ের প্রতি বলেন, উগ্র হিন্দুদের শিক্ষা দিতে হলে গরুর বদলে ছাগল কোরবানি করুন আর গরুর মাংস পুরোপুরি বর্জন করুন। আমরা গরুকে না বন্ধ করলে তারা কীভাবে গরুর ব্যবসা করে আর গরুর দুধ কোথায় পায়, তা আমরা দেখব। ইমামের এ আহ্বানের পর পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকায় হিন্দু গরু ব্যবসায়ীরা ব্যাপকভাবে রাস্তায় নেমে আসে এবং সরকারের বিরুদ্ধে তীব্র ক্ষোভ প্রকাশ করে। বুধবার বিভিন্ন এলাকায় পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়ায় তারা। অনেক কৃষক জানিয়েছেন, মুসলমানরা গরু কেনা আর গরু খাওয়া বন্ধ করে দিলে, তাদের গলায় দড়ি দেওয়া ছাড়া আর কোনো উপায় থাকবে না। কারণ অনেক কৃষক ঋণ নিয়ে গরুর ব্যবসা করে থাকেন। গরু নিয়ে পশ্চিমবঙ্গে চলা মহাকেলেঙ্কারির অনেক ভিডিও ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। এতে দেখা গেছে, গরু ব্যবসায়ী নারী-পুরুষ তীব্র ভাষায় গালিগালাজ করছেন নতুন মুখ্যমন্ত্রী উগ্র ও মুসলিম বিদ্বেষী শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে। এরই মধ্যে ভাইরাল হয়েছে, মুসলমান এক পরিবারে দাওয়াত খেতে গিয়ে শুভেন্দুর তিন বাটি গরুর মাংস খাওয়ার ভিডিও। ফলে এখন তাকে সবাই আখ্যায়িত করছেন এক মহাভন্ড আর প্রতারক হিসেবে। এদিকে, রাগে-ক্ষোভে অনেক গরু ব্যবসায়ী রাস্তায় তাদের গরু ছেড়ে দিয়েছেন। ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, রাস্তায় অনেক গরু দৌঁড়াদৌঁড়ি ও মারামারি করছে। ব্যস্ত রাস্তায় গাড়ি নিচেও চাপা পড়ছে গরু। (রেডিও তেহরান : ২২.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশে শীঘ্রই `পুশ-ইন, শুরুর ঘোষণা শুভেন্দু অধিকারীর

পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, শীঘ্রই তিনি বাংলাদেশি অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা শুরু করবেন এবং তাদেরকে বাংলাদেশে ফেরত পাঠানো হবে। একইসঙ্গে, সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের কাজও নতুন করে শুরুর ঘোষণা দিয়েছেন বুধবার। বুধবার শুভেন্দু তার কার্যালয়ে বিএসএফ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে কথা বলেছেন। ২০১৯ সালে বিতর্কিত নাগরিকত্ব সংশোধনী আইন সিটিজেনশিপ আমেন্ডমেন্ট অ্যাক্ট বা সিএএ নিয়ে বৈঠকে তিনি এ আইন পশ্চিমবঙ্গের কার্যকরের ঘোষণা দিয়েছেন। নাগরিকত্ব সংশোধনী আইন সিএএ প্রসঙ্গে তিনি বলেন, যারা সিএএ-এর আওতায় পড়ে না, তারা অবৈধ অনুপ্রবেশকারী হিসেবে বিবেচনা করা হবে। এমন ব্যক্তিদের রাজ্য পুলিশ গ্রেফতার করে বিএসএফের হাতে তুলে দেবে এবং পরে তাদের দেশ থেকে বের করে দেওয়া হবে। শুভেন্দুর এ বক্তব্য ঘিরে পশ্চিমবঙ্গের রাজনৈতিক অঙ্গনে নতুন করে বিতর্ক তৈরি হয়েছে। সীমান্ত নিরাপত্তা, অনুপ্রবেশ এবং নাগরিকত্ব ইস্যু আরো রাজ্যের রাজনীতি কেন্দ্রবিন্দুতে উঠে এসেছে। পশ্চিমবঙ্গ থেকে বাংলাদেশে `পুশ-ইন, শুরু হলে সেটা ঘিরে ঢাকা নয়াদিল্লি সম্পর্ক নতুন করে তিক্ত আকার ধারণ করতে পারে। ঘোষণা অনুযায়ী, ২০২৪ সালে ৩১ ডিসেম্বরের পর যারা ভারতে প্রবেশ করেছে, তাদের সবাইকে অবৈধ অনুপ্রবেশকারী হিসেবে বিবেচনা করা হবে। এ ধরনের ব্যক্তিদের পুলিশ প্রথমে আটক করে বর্ডার সিকিউরিটি ফোর্স বিএসএফের কাছে হস্তান্তর করবে। এরপর তাদের বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবির কাছে পাঠানো হবে বলে জানানো হয়েছে। শুভেন্দু বলেন, ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতার নির্মাণের কাজ এগিয়ে নিতে প্রাথমিকভাবে ২৭ কিলোমিটার এলাকার জমি বিএসএফকে দেওয়া হচ্ছে। সীমান্ত সুরক্ষা জোরদার এবং অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে দ্রুত এই কাজ সম্পন্ন করা হবে। শুভেন্দু অধিকারীর দাবি, পশ্চিমবঙ্গের মোট ২,২০০ কিলোমিটারের মধ্যে বর্তমানে প্রায় ১,৬০০ কিলোমিটার কাঁটাতারের বেড়া রয়েছে। তবে এখনো প্রায় ৬০০ কিলোমিটার এলাকায় কাজ অসম্পূর্ণ রয়ে গেছে। এর মধ্যে ৫৫৫ কিলোমিটার এলাকায় চাইলে রাজ্য সরকার জমি দিতে পারতো কিন্তু রাজনৈতিক কারণে অতীতে তা দেওয়া হয়নি বলে অভিযোগ করেন তিনি।(রেডিও তেহরান : ২২.০৫.২০২৬ এলিনা)

## এনএইচকে

## ইরানের সাথে শান্তি চুক্তির ক্ষেত্রে 'ভালো লক্ষণ' দেখছেন রুবিও

তেহরান ওয়াশিংটন থেকে পাওয়া একটি নতুন শান্তি প্রস্তাব বিবেচনা করছে বলে জানা গেছে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বৃহস্পতিবার বলেছেন, এক্ষেত্রে "কিছু ভালো লক্ষণ দেখা গেছে।„ একটি চুক্তিতে পৌঁছানোর বিষয়ে রুবিও ইতিবাচক মনোভাব ব্যক্ত করে বলেন, "আমি আপনাদের এটি নিশ্চিতভাবে বলছি না যে, এটি ঘটবেই, তবে আমি বলতে এসেছি যে, আমরা একটি চুক্তি করতে পারি কি না, তা দেখার জন্য আমাদের সাধ্যমতো সবকিছুই করব।„ তিনি 'অতিরিক্ত আশাবাদী' হতে চান না, এমন উল্লেখ করে রুবিও বলেন, তবে 'আগামী দিনগুলোতে' কী ঘটে, তার উপর তিনি নজর রাখবেন। বার্তা সংস্থা রয়টার্স একটি ঊর্ধ্বতন ইরানি সূত্রের বরাত দিয়ে জানিয়েছে যে, কোনো চুক্তি হয়নি, তবে "ব্যবধান কমে এসেছে„। প্রতিবেদনে বলা হয়েছে, তেহরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত নিয়ে দুই পক্ষের মধ্যে মতপার্থক্য রয়ে গেছে। তবে, ইরান এই বিষয়ে কড়া অবস্থান অব্যাহত রেখেছে। ইরানি সূত্র রয়টার্সকে জানিয়েছে যে, সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি একটি 'নির্দেশনা' জারি করেছেন যে, সমৃদ্ধ ইউরেনিয়াম 'বিদেশে

পাঠানো উচিত নয়'। এদিকে, পাকিস্তানি মধ্যস্থতাকারীরা শান্তি আলোচনা পুনরুজ্জীবিত করতে তাদের প্রচেষ্টা জোরদার করছেন। স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি ইরানে ধারাবাহিকভাবে আলোচনা চালিয়ে যাচ্ছেন। তিনি প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এবং পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে সাক্ষাৎ করেছেন। এছাড়া , পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনিরও তেহরান সফর করতে পারেন বলে জানা গেছে। (এনএইচকে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### হামে শিশুমৃত্যু থামানো যাচ্ছে না কেন?

বাংলাদেশে হামে শিশুমৃত্যু থামছে না। জনস্বাস্থ্যবিদেরা এর জন্য স্বাস্থ্যগত কিছু কারণের কথা বলছেন। আর স্বাস্থ্যমন্ত্রী ও ইউনিসেফ সাবেক অন্তর্বর্তী সরকারকেও দায়ী করছেন। তবে, সেই সরকারের কর্মকর্তারা ডয়চে ভেলের কাছে সেসব অভিযোগের জবাব দিয়েছেন। ১৫ মার্চ থেকে ২১ মে পর্যন্ত বাংলাদেশে হাম ও হামের উপসর্গ নিয়ে ৪৮৮ শিশুর মৃত্যু হয়েছে। ইউরোপ, যুক্তরাষ্ট্রসহ বিশ্বের অনেক দেশে হামের সংক্রমণ আবার ফিরে এসেছে বলে জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। তবে, সেসব দেশে বাংলাদেশের মতো পরিস্থিতি তৈরি হয়নি। তাই প্রশ্ন উঠছে, বাংলাদেশ কেন এসব মৃত্যু ঠেকাতে পারছে না? যদিও স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল বৃহস্পতিবার ডয়চে ভেলেকে বলেন, "শিশু মৃত্যু ঠেকাতে সরকার যা করণীয়, তার সব ব্যবস্থাই করছে।„ প্রশ্নের উত্তর খুঁজতে তিনজন বিশেষজ্ঞের সঙ্গে কথা বলেছে ডয়চে ভেলে। এদের মধ্যে একজন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ এবং রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) সাবেক প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. মুশতাক হোসেন বলেন, "হামে এখনও যেভাবে শিশুমৃত্যু হচ্ছে, তা কোনোভাবেই কাম্য নয়। সরকার শুধু আইসিইউর দিকে ছুঁটছে। কিন্তু হামের প্রবণতা ঠেকাতে হবে। সেদিকে গুরুত্ব দেওয়া হচ্ছে না। হামের উপসর্গ দেখা দিলে ওই শিশুটিকে আগে আলাদা করতে হবে। সেটা প্রয়োজনে হাসপাতাল অঙ্গনে তাবু খাটিয়ে হলেও, তাকে আলাদা রাখতে হবে। সেই কাজগুলো হচ্ছে কই? ফলে আক্রান্ত ও মৃত্যু কোনোভাবেই কমছে না।„ তিনি বলেন, "শিশুরা হামে আক্রান্ত হলে তাদের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়। আবার হামের সময় শিশুদের মধ্যে নিউমোনিয়ার জটিলতা দেখা যাচ্ছে। এর কারণ হলো মূলত অপুষ্টি। আর নিউমোনিয়া শুধু ফুসফুস নয়, অনেক সময় মস্তিষ্ক ও অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গেও প্রভাব ফেলতে পারে। তবে দেরিতে চিকিৎসা শুরু এবং অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্সের কারণে অনেক ক্ষেত্রে শিশুদের অবস্থা জটিল হয়ে পড়ে।„ বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের সাবেক পরিচালক ও শিশুরোগ বিশেষজ্ঞ মাহবুবুল হক বলেন, "এখানে চিকিৎসা নিতে আসা অধিকাংশ শিশুরই একাধিক স্বাস্থ্য সমস্যা রয়েছে। তাদের রোগ প্রতিরোধ ক্ষমতা আগে থেকেই কম থাকে, ফলে হামে আক্রান্ত হওয়ার পর তাদের অবস্থার দ্রুত অবনতি ঘটছে। অনেক হাম রোগীর হৃদযন্ত্র (হার্ট) বা কিডনির জটিলতা রয়েছে। আবার বড়ো একটি অংশ তীব্র অপুষ্টি বা নিউমোনিয়ায় ভুগছে। কিছু উপজেলায় হামের প্রকোপ কমার খবর পাওয়া গেলেও, শিশু হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় রোগী আসা অব্যাহত রয়েছে। দেশব্যাপী টিকাদান কর্মসূচি চলায় সংক্রমণের হার ধীরে ধীরে কমে আসবে এবং সংক্রমণ কমলে মৃত্যুর সংখ্যাও কমবে বলে আমরা আশা করছি।„ জনস্বাস্থ্যবিদ ও টিকা বিশেষজ্ঞ ডা. তাজুল ইসলাম এ বারী বলেন, "প্রথমে আমাদের বুঝতে হবে, হাম হলো এমন একটি ছোঁয়াচে রোগ, যা অন্য ২০০ রোগের মধ্যে সবচেয়ে বেশি ছোঁয়াচে। একজন হাম রোগী ১৮ জনকে আক্রান্ত করতে পারে। এত মানুষকে আক্রান্ত করার ক্ষমতা অন্য কোনো ছোঁয়াচে রোগের নেই। দ্বিতীয়ত, হাম হলে শরীরে যত ধরনের রোগ প্রতিরোধ ক্ষমতা আছে, সবকিছু নষ্ট হয়ে যায়। অর্থাৎ শরীরে অন্য রোগের যে ইউমিনিটি থাকে, সেটাকে হাম ধ্বংস করে দেয়। হামে ১০০ জনের মধ্যে ৭৩ জনের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ইরেজ করে দেয়। ফলে ওই শিশুটির তখন অন্য রোগ হচ্ছে। বিশেষ করে নিউমোনিয়া, ডায়রিয়া। এখন দ্রুত তার চিকিৎসা দিতে না পারলে তাকে বাঁচানো সম্ভব নয়। যে-সব শিশু মারা যাচ্ছে, তাদের কিন্তু হামের পাশাপাশি অন্য রোগও হচ্ছে, সেই কারণে তাদের মৃত্যু হচ্ছে।„

**স্বাস্থ্যমন্ত্রীর অভিযোগ ও অন্তর্বর্তী সরকারের কর্মকর্তাদের ভিন্ন কথা**

স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল ডয়চে ভেলেকে বলেছেন, "শিশু মৃত্যু ঠেকাতে সরকার যা করণীয় তার সব ব্যবস্থাই করছে। ২০২৪ ও ২০২৫ সালে হামের কোনো টিকাই দেশে আসেনি। অন্তর্বর্তী সরকার টিকা কেনার কোনো ব্যবস্থাই করেনি। আমরা দায়িত্ব নেওয়ার পর যখন দেখলাম টিকা নেই , তখনই আমরা উদ্যোগ নিয়েছি। ইউনিসেফের সঙ্গে আলোচনা করলাম , তাদের টিকা আসতে এক মাস লাগবে। কিন্তু অত সময় আমাদের হাতে ছিল না। এডিবি ও গ্যাভি আমাদের সহযোগিতা করল। এডিবি দ্রুত টাকা ছাড় করল। আমরা গ্যাভির সঙ্গে যোগাযোগ করলাম , তাদের মজুতে কিছু টিকা ছিল , সেটা ধার হিসেবে এনেছি এবং দ্রুত টিকা কার্যক্রম শুরু করেছি। এরপর ইউনিসেফের টিকাও এসেছে। ফলে আমাদের কাছে এখন পর্যাপ্ত টিকা মজু ত আছে।„ তবে অন্তর্বর্তী সরকার টিকা কেনার উদ্যোগ নেয়নি বলে স্বাস্থ্যমন্ত্রী অভিযোগ করলেও , সাবেক অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা ড . সালেহউদ্দিন আহমেদ এবং সেই সময় স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিবের দায়িত্বে থাকা সাইদুর রহমান বলছেন ভিন্ন কথা। ড . সালেহউদ্দিন আহমেদ ডয়চে ভেলেকে বলেন, "আমাদের কাছে টিকা কেনার জন্য এক হাজার কোটি টাকা চাওয়া হয়েছিল , আমরা দ্রতই সেই অর্থ

বরাদ্দ করেছি। এখন সেই টিকা ওপেন টেন্ডারে কেনা হবে , নাকি অন্যভাবে কেনা হবে, সেটা তো পারচেজ কমিটি ঠিক করবে। আমাদের কাজ ছিল টাকা দেওয়া, আমরা সেটা দিয়েছি। আমি যতদূর জানি, ২০২৫ সালেই টিকা কেনার অর্ডার দেওয়া হয়েছিল, সেই টিকা ২০২৬ সালের জানুয়ারিতে এসেছে। আরেকটা চালা ন কিছুদিন পরে এসেছে বলে শুনেছি। „ আর অন্তর্বর্তী সরকারের স্বাস্থ্যসচিব সাইদুর রহমান বলেন , ”আমরা তো ইউনিসেফের কাছ থেকেই টিকা কিনতে চেয়েছিলাম। তাদের সঙ্গে আমাদের আলোচনাও হয়েছিল। কিন্তু পরিকল্পনা কমিশন থেকে বলা হয় , এভাবে টিকা কেনা যাবে না, ওপেন টেন্ডারে কিনতে হবে। তাদের সেই সুপারিশ উপদেষ্টা পরিষদের বৈঠকেও পাস হয়েছে। ফলে আমাদের ক্রয়সংক্রান্ত কমিটিতে যেতে হয়েছে। ক্রয়সংক্রান্ত কমিটি যেভাবে বলবে , আমাদের সেভাবেই তো করতে হবে। তাদের কাছ থেকে সিদ্ধান্ত আসতে দেরি হয়েছে বলে কিনতেও সময় লেগেছে।„

**ইউনিসেফের বক্তব্য নিয়ে সাবেক বিশেষ সহকারীর প্রতিক্রিয়া**

অন্তর্বর্তী সরকারকে টিকা সংকটের বিষয়ে সতর্ক করতে পাঁচ থেকে ছয়টি চিঠি দেওয়া হয়ছিল বলে জানিয়েছেন বাংলাদেশে ইউনিসেফের প্রতিনিধি রানা ফ্লাওয়ার্স। বুধবার এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। রানা ফ্লাওয়ার্স বলেন, কোনো মহামারি রাতারাতি ঘটে না। কিছু বিশেষ ঘটনার পরিপ্রেক্ষিতে এ রকম পরিস্থিতি দেখা দেয়। বিশেষ করে, টিকার মাধ্যমে প্রতিরোধযোগ্য রোগের ক্ষেত্রে। তিনি বলেন, ”বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর এই ক্রয় প্রক্রিয়ায় বিলম্বের কারণ ছিল উন্মুক্ত দরপত্রের মাধ্যমে টিকা কেনার বিষয়ে (অন্তর্বর্তী সরকারের) মন্ত্রিসভার একটি সিদ্ধান্ত। গত বছর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। আমার মনে হয় না, এ ধরনের সিদ্ধান্ত এর আগে কখনও নেওয়া হয়েছে।„ ইউনিসেফের প্রতিনিধি বলেন, ”আমরা তাদের সঙ্গে জরুরি বৈঠকে বসার জন্য বারবার চাপ দিয়েছি। একইসঙ্গে আমি বলতে পারি, আমি অন্তর্বর্তীকালীন উপদেষ্টা এবং কর্মীদের সঙ্গে অন্তত ১০ বার বসেছি। আমি এবং আমার কর্মীরা বলেছি, আমরা চিন্তিত। আমার মুখ দেখে বুঝুন, আমি চিন্তিত যে, আপনারা টিকার সংকটে পড়তে যাচ্ছেন। এটা স্পষ্ট ছিল যে, দেশে টিকা আনতে না পারলে সমস্যা তৈরি হবে।„ গত দুই বছরে বাংলাদেশে কোনো টিকা সংকট ছিল কি না জানতে চাইলে রানা ফ্লাওয়ার্স বলেন, ”আমরা ২০২৪ সালেই টিকার সংকটের পূর্বাভাস দিয়েছিলাম। পরবর্তী দুই বছরে বিভিন্ন রোগের ক্ষেত্রে প্রভাব ফেলতে পারে। তাই আমরা আগেভাগেই সতর্ক করছিলাম এবং ক্রমাগত মনে করিয়ে দিচ্ছিলাম যে, তারা সংকটের মুখে পড়তে যাচ্ছে।„ ইউনিসেফ প্রতিনিধির এইসব মন্তব্যের বিষয়ে জানতে চাইলে সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (স্বাস্থ্য বিষয়ক) অধ্যাপক ডা. সায়েদুর রহমান বুধবারই ডয়চে ভেলেকে একটি লিখিত বিবৃতি দেন। এতে তিনি বলেন, ”আজকের সংবাদ সম্মেলনে হামের টিকা নিয়ে সুনির্দিষ্ট কোনো আলোচনা হয় নাই। ২০২৫ সালে হামের টিকার অভাবে দু'য়েকটি বিচ্ছিন্ন ঘটনা বাদে কোনো মানুষ হামের টিকা না পেয়ে ফিরে গেছেন বলে জানা যায় না। ডিসেম্বর মাসের আগ পর্যন্ত টিকার কাভারেজেও সেটা প্রতিফলিত হয়। বিশেষ ক্যাম্পইন সম্পর্কিত সিদ্ধান্ত Inter-Agency Coordination Committee (ICC) কর্তৃক নেওয়া হয়, যেখানে UNICEF এবং WHO-এর প্রতিনিধিবৃন্দ থাকেন। UNICEF-এর পক্ষ থেকে করা যোগাযোগসমুহে `হামের প্রাদুর্ভাব' নিয়ে কোনো কিছুই উল্লেখ ছিল না।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রনি)

## রাশিয়ার হয়ে যুদ্ধে গিয়ে নিহত বাংলাদেশি যুবক

রাশিয়ার সেনাবাহিনীর হয়ে ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে গিয়েছিলেন মাদারীপুরের যুবক সুরুজ কাজী (৩৫) । গত সোমবার প্রতিপক্ষের হামলায় নিহত হয়েছেন তিনি । বৃহস্পতিবার সন্ধ্যায় সুরুজের পরিবার তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে । নিহত সুরুজ মাদারীপুর সদর উপজেলার দক্ষিণ খাগড়াছড়া এলাকার শাহাবুদ্দিন কাজীর ছেলে । তার মৃত্যুর খবরে বাড়িতে স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে । নিহত ব্যক্তির পরিবার সূত্রে জানা গেছে, উন্নত জীবনের আশায় বাংলাদেশি এক দালালের মাধ্যমে ইউরোপ যাওয়ার সিদ্ধান্ত নেন সুরুজ । অনেক চেষ্টার পরও ইউরোপের ভিসা না পেয়ে এক এজেন্সির মাধ্যমে তিনি রাশিয়ায় যাওয়ার সিদ্ধান্ত নেন । আট মাস আগে তিনি বাংলাদেশ থেকে রাশিয়ায় যান । সেখানে স্বাভাবিক কাজে যোগ দেওয়ার কথা থাকলেও বাংলাদেশি দালালের খপ্পরে পড়ে তিনি রুশ সেনাবাহিনীতে যোগ দেন । সম্প্রতি ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে গিয়ে মাইন বিস্ফোরণে নিহত হন সুরুজ । প্রথমে তার মৃত্যুর বিষয়টি গোপন রাখা হলেও, রাশিয়ায় অবস্থানরত দুই বাংলাদেশি প্রবাসী যুবক ফোনে সুরুজের পরিবারকে বিষয়টি জানান । (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রনি)

## ধর্ষণ, হত্যা, হামলা, জ্বালানি সংকট, বাণিজ্য চুক্তি নিয়ে উদ্বেগ

মিরপুরের পল্লবীতে কণ্যা শিশুকে ধর্ষণের পর হত্যা, মাজারে হামলা, জ্বালানি সংকট, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে উদ্বেগ প্রকাশ করে প্রতিটি ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ দাবি করেছে গণতান্ত্রিক অধিকার কমিটি। আজ শুক্রবার গণতান্ত্রিক অধিকার কমিটির এক সভায় এসব কথা বলা হয়। সভার পরে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে সভার আলোচনার বিষয় জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, অধিকার কমিটির সভায় পল্লবীর শিশুসহ সব শিশু ধর্ষণ-হত্যার তীব্র প্রতিবাদ জানানো হয়। গত চার মাসে দেশের বিভিন্ন স্থানে ১১৮ জন কন্যা শিশু ধর্ষণ ও ১৭ জন

খুনের ঘটনায় সভায় গভীর উদ্বেগ জানানো হয়। সভায় বলা হয়, দেশব্যাপী নারী ও শিশুদের প্রতি এমন সহিংসতা বৃদ্ধি সামাজিক অস্থিরতা, সংবেদনহীনতা ও নিষ্ঠুরতার প্রকাশ। জড়িত ব্যক্তিদের বিচার দ্রুত না হওয়ার পাশাপাশি এসব ঘটনার বিরুদ্ধে সামাজিক আন্দোলন, সামাজিক সচেতনতা তৈরির ঘাটতি এ ধরনের অপরাধকে ভয়ংকর পর্যায়ে নিয়ে যাচ্ছে। তবে এরপরও সরকারের পক্ষ থেকে কার্যকর পদক্ষেপ দেখা যাচ্ছে না। অধিকার কমিটির সভায় বক্তারা মাদ্রাসায় ছেলে ও মেয়েশিশু নির্যাতন- ধর্ষণ-হত্যা বন্ধে ধর্মীয় নেতাদের প্রতিবাদী, কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। একইসঙ্গে সভায় সব শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন নিপীড়নবিরোধী নীতিমালা বাধ্যতামূলক করার দাবি জানানো হয়। দেশব্যাপী হামে শিশুদের ক্রমবর্ধমান আক্রান্ত হওয়া, মারা যাওয়া নিয়ে উদ্বেগ-উৎকণ্ঠা জানায় অধিকার কমিটি। এ ব্যাপারে তারা স্বাস্থ্য মন্ত্রণালয়ের আরো সক্রিয় ভূমিকা পালনের দাবি জানায়। এছাড়া, সভায় রাজধানীর শাহ আলী মাজারে হামলা -ভাঙচুরের ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়ে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সরকারকে সক্রিয় ভূমিকা পালন করারও দাবি জানান অধিকার কমিটির সদস্যরা। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বিদ্যুৎ- গ্যাসের মূল্যবৃদ্ধির পাঁয়তারা বন্ধের দাবি জানানো হয় সভায়। বিনা বিচারে ৭০০ দিনের বেশি সময় ধরে আটক বম সম্প্রদায়ের মানুষের মুক্তি দাবি করা হয়। আরাকান আর্মির হাতে আটক জেলেদের মুক্তির ব্যবস্থা করতে সরকারের প্রতি আহ্বান জানায় অধিকার কমিটি। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, যুক্তরাষ্ট্রের সঙ্গে দেশের স্বার্থবিরোধী বাণিজ্যচুক্তির বিরুদ্ধে আগামী ৭ জুন পর্যন্ত কর্মসূচি সম্পর্কে সভায় অধিকার কমিটি বিভিন্ন সিদ্ধান্ত নিয়েছে। অধিকার কমিটির এই সভায় সভাপ্রধানের দায়িত্ব পালন করেন অধ্যাপক আনু মুহাম্মদ। কমিটির সদস্য হারুন উর রশীদ, মোশাহিদা সুলতানা, আকরাম খান, জয়দীপ ভট্টাচার্য, শহীদুল ইসলাম, মাহতাব উদ্দীন আহমেদ, নাজমুস সাকিব, একরাম হোসেন, বাকী বিল্লাহ, অনুপ কুমার কুন্ডু, রাফিকুজ্জামান ফরিদ, ছায়েদুল হক প্রমুখ সভায় উপস্থিত ছিলেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রনি)

## ইউরোপে মার্কিন সেনা-উপস্থিতির বিষয়ে স্পষ্টতা দাবি ন্যাটো মিত্রদের

ডোনাল্ড ট্রাম্পের পোল্যান্ডে পাঁচ হাজার মার্কিন সেনা পাঠানোর সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন ন্যাটোর প্রধান মার্ক রুটে। তবে, ন্যাটোর মিত্র দেশগুলো থেকে উঠেছে ইউরোপে যুক্তরাষ্ট্রের সেনা সদস্যদের উপস্থিতির বিষয়ে স্পষ্ট ব্যাখ্যার দাবি। ইউরোপে নিজেদের উপস্থিতি কমিয়ে আনার ইঙ্গিত দিয়েছে ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। ওয়াশিংটনের এমন পরিকল্পনার প্রেক্ষাপটে সুইডেনের হেলসিংবর্গে বৈঠকে বসেছেন ন্যাটোর পররাষ্ট্রমন্ত্রীরা। যুক্তরাষ্ট্রের শীর্ষ কূটনীতিক রুবিও বলেছেন, ইউরোপে মার্কিন উপস্থিতি কমানো কোনো `শাস্তিমূলক, ব্যবস্থা নয়। তবে পোল্যান্ডে মার্কিন সেনা মোতায়েনকে যখন ন্যাটো প্রধান স্বাগত জানালেন, ঠিক তখনই ইউরোপকে প্রতিরক্ষা জোরদার করার আহ্বান জানিয়েছেন এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রী মার্গুস শাগনা। সুইডেনের হেলসিংবর্গে ন্যাটোর পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে সুইডেনের পররাষ্ট্রমন্ত্রী মারিয়া মালমার স্টেনারগার্ড বলেন, ”বিষয়টি সত্যিই বিভ্রান্তিকর। এর গতিপ্রকৃতি বোঝা বা এর সঙ্গে মানিয়ে নেওয়া সব সময় সহজ নয়।„ নরওয়ের পররাষ্ট্রমন্ত্রী এসপেন বার্থ এইডে বলেন, ”গুরুত্বপূর্ণ দিকটি হলো, এ প্রক্রিয়া এমন এক সুশৃঙ্খলভাবে সম্পন্ন হয়, যাতে যুক্তরাষ্ট্র ইউরোপে তাদের উপস্থিতি কমালে ইউরোপ নিজেদের সক্ষমতা বাড়াতে পারে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রনি)

## বাংলাদেশ ফুটবল দলের নতুন কোচ টোমাস ডুলি

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের নতুন প্রধান কোচ হিসেবে দায়িত্ব নিয়েছেন টোমাস ডুলি। আজ সকালে বাফুফে তাদের অফিশিয়াল ফেসবুক পেজে এক পোস্টের মাধ্যমে এ খবর জানায়। বাংলাদেশ দলের ডাগআউট সামলানোর দায়িত্ব নিয়ে ৬৫ বছর বয়সি এই জার্মান বংশোদ্ভূত কোচ আজ সোমবার সকালেই ঢাকায় পা রেখেছেন। সবকিছু ঠিকঠাক থাকলে, আগামী রোববার থেকে বাংলাদেশ দলের ক্যাম্পে দেখা যাবে ডুলিকে। জন্মসূত্রে জার্মান হলেও সাবেক ডিফেন্সিভ মিডফিল্ডার টোমাস ডুলির খেলোয়াড়ি জীবন কেটেছে যুক্তরাষ্ট্রের জার্সিতে। যুক্তরাষ্ট্রের হয়ে সাত বছরের আন্তর্জাতিক ক্যারিয়ারে ৮১ ম্যাচ খেলেন এবং গোল ৭টি। ১৯৯৪ সালে যুক্তরাষ্ট্রের মাটিতে অনুষ্ঠিত বিশ্বকাপে স্বাগতিক দলের হয়ে চারটি ম্যাচেই খেলেন ডুলি। চার বছর পর ১৯৯৮ বিশ্বকাপেও যুক্তরাষ্ট্রের অধিনায়ক হিসেবে সব ম্যাচ খেলেন। ক্লাব ফুটবলেও তার প্রোফাইল বেশ ভারী। বায়ার লেভারকুসেন ও শালকের মতো জার্মান ক্লাবে খেলেছেন, যার মধ্যে শালকের হয়ে উয়েফা কাপও (বর্তমানে ইউরোপা লিগ) জেতেন ১৯৯৭ সালে। এ ছাড়া, এফসি কাইজারস্লাউটার্নের হয়ে ১৯৯০- ৯১ মৌসুমে জেতেন বুন্দেসলিগা শিরোপাও। কোচ হিসেবেও ডুলির অভিজ্ঞতা বেশ সমৃদ্ধ। ২০১১ থেকে ২০১৪ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্র জাতীয় দলের প্রধান কোচ ইয়ুর্গেন ক্লিন্সমানের সহকারী হিসেবে কাজ করেছেন। এরপর ফিলিপাইন্সের কোচের দায়িত্ব পালন করেন। তারপর ভিয়েতনামের ভি-লিগের ক্লাব `ভিয়েতেল,-এর স্পোর্টিং ডিরেক্টর হিসেবেও কাজ করেছেন ডুলি। ২০২২ সালে সংক্ষিপ্ত সময়ের জন্য আবারও ফিলিপাইন্সের ডাগআউটে ফেরেন তিনি। বাংলাদেশের দায়িত্ব নেওয়ার আগে ডুলি গায়ানা জাতীয় দলের দায়িত্বে ছিলেন। ডুলির অধীনে বাংলাদেশ দলের প্রথম মিশন শুরু হতে যাচ্ছে আগামী ৫ জুন। সান মারিনোর বিপক্ষে প্রীতি ম্যাচ খেলতে সেই দেশে যাবে বাংলাদেশ দল। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রনি)

### পোল্যান্ডে পাঁচ হাজার সেনা পাঠাচ্ছেন ট্রাম্প

পোল্যান্ডে আরো পাঁচ হাজার সেনা পাঠাচ্ছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানিয়েছেন, পোল্যান্ডের জাতীয়তাবাদী প্রেসিডেন্ট কারোল নাওরোকির সঙ্গে সুসম্পর্কের কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তার সামাজিক মাধ্যম ট্রুথ সোস্যালে ট্রাম্প বলেছেন, "কারোল নাওরকি নির্বাচনে সফল হয়ে এখন পোল্যান্ডের প্রেসিডেন্ট হয়েছেন। আমরা তাকে সমর্থন করেছিলাম। আমি এখন সেখানে পাঁচ হাজার সেনা পাঠাচ্ছি।" দুইদিন আগেই পেন্টাগন জানিয়েছিল, তারা ইউরোপ থেকে সেনা ব্রিগেডের সংখ্যা চার থেকে কমিয়ে তিন করবে। পেন্টাগনের প্রধান মুখপাত্র সিন পারনেল একটি বিবৃতিতে জানিয়েছেন, তারা ইউরোপে সেনার সংখ্যা কমাচ্ছেন। ইউরোপের ক্ষেত্রেও তারা ট্রাম্পের আমেরিকা ফার্স্ট নীতি নিয়ে চলছেন। ইউরোপের সুরক্ষার প্রাথমিক দায়িত্ব ন্যাটোর শরিক দেশগুলিকেই নিতে হবে। মে মাসের গোড়ায় অ্যামেরিকা জানিয়েছিল, তারা জার্মানি থেকে পাঁচ হাজার সেনা প্রত্যাহার করছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রনি)

### হরমুজ প্রণালি দিয়ে ২৪ ঘণ্টায় চলাচল করেছে ৩৫টি জাহাজ

গত ২৪ ঘণ্টায় হরমুজ প্রণালি দিয়ে ৩৫টি জাহাজ চলাচল করেছে। আজ শুক্রবার ইরানের কর্তৃপক্ষ এ কথা জানায়। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে বলা হয়, ইরানি রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)-এর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে জাহাজগুলোর চলাচল সম্ভব হয়েছে। তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠান কপলার-এর আগে বুধবার হরমুজ দিয়ে ১০টি জাহাজ চলাচলের বিষয়টি নিশ্চিত করেছিল। তাদের তথ্য অনুযায়ী, মঙ্গলবার চলাচল করেছিল ৪টি জাহাজ। বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ তেল পরিবহণ পথ হরমুজ প্রণালি দিয়ে চলাচলের জন্য ইরান উচ্চহারে মাশুল আদায় করে। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও এর তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি মনে করেন, "বিশ্বের কোনো দেশেরই তা মেনে নেওয়া উচিত নয়।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

### পরিচ্ছন্নতাকর্মীদের জন্য ঈদ বোনাস দিলেন প্রধানমন্ত্রী

দেশের সব সিটি করপোরেশনের পরিচ্ছন্নতাকর্মীদের জন্য ঈদুল আজহা উপলক্ষ্যে 'ঈদ বোনাস' হস্তান্তর করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার (২২ মে) সন্ধ্যায় রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে সিটি করপোরেশনের প্রশাসকদের কাছে এ ঈদ বোনাস হস্তান্তর করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

### নজরুল জন্ম জয়ন্তীতে যোগ দিতে শনিবার ময়মনসিংহে যাচ্ছেন প্রধানমন্ত্রী

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্ম জয়ন্তী, খাল পুনঃখনন কার্যক্রম ও বিএনপির সাংগঠনিক সভায় অংশ নিতে ময়মনসিংহে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি শনিবার (২৩ মে) এ সফরে যাবেন বলে তার প্রেস উইং সূত্রে জানা গেছে। সফরসূচি অনুযায়ী, এদিন সকাল ৯টায় সড়ক পথে ঢাকা থেকে ময়মনসিংহের ত্রিশালের উদ্দেশ্যে যাত্রা করবেন প্রধানমন্ত্রী। দুপুর ১২টায় তিনি উপজেলার বৈলর ইউনিয়নে ধরার খাল পুনঃখনন কার্যক্রমের উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী দুপুর ২টায় নজরুল ডাকবাংলোয় উপস্থিত হয়ে স্বল্প সময়ের জন্য বিরতি নেবেন। বিকেল ৩টায় তিনি নজরুল জন্মজয়ন্তী উপলক্ষ্যে নজরুল মঞ্চে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে যোগ দেবেন। এসময় তিন দিনব্যাপী নজরুল জন্মজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

### হাম ও হামের উপসর্গে মৃত্যু ৫০০ ছুঁইছুঁই

দেশে হাম ও হাম রোগের উপসর্গ নিয়ে আরও ১১ শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৪৯৯ জনে। শুক্রবার (২২ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বৃহস্পতিবার (২১ মে) সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে প্রতিবেদনটি তৈরি করা হয়। নতুন মারা যাওয়া ১১ জনের মধ্যে দু-জন নিশ্চিত হামে মারা গেছে। বাকিদের মৃত্যু হয়েছে হামের উপসর্গে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৮৫ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৪১৪। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৮ হাজার ৩২৯ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৬০ হাজার ৫৪০। উল্লিখিত সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৪৭ হাজার ৫১১ জনকে এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৪৩ হাজার ৪১১ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

### সিলেটে ছিনতাইকারীর ছুরিকাঘাতে র্যাব সদস্য নিহত

সিলেটে পুলিশের ধাওয়া খেয়ে পালানো ছিনতাইকারীর ছুরিকাঘাতে ইমন আচার্য নামে এক র্যাব সদস্যের মৃত্যু হয়েছে। শুক্রবার (২২ মে) দুপুর দেড়টার দিকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন

অবস্থায় তার মৃত্যু হয়। এর আগে, সকালে নগরীর তোপখানা এলাকায় পুলিশের অভিযানের সময় ছুরিকাঘাতের শিকার হন ইমন আচার্য। র্যাব-৯ এর মিডিয়া অফিসার অতিরিক্ত পুলিশ সুপার কে এম শহিদুল ইসলাম সোহাগ জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## রামিসা হত্যার বিচার দাবিতে মিরপুরে সড়ক অবরোধ করে বিক্ষোভ

সাত বছর বয়সি শিশু রামিসাকে ধর্ষণ, নির্যতন ও হত্যার প্রতিবাদে রাজধানীর মিরপুর-১০ নম্বর গোল চত্বর এলাকা অবরোধ করে বিক্ষোভ করছেন স্থানীয়রা। এতে এই সড়কে যানবাহন কিছুটা ধীরগতিতে চলাচল করছে। শুক্রবার (২২ মে) দুপুর ১২টার দিকে বিক্ষোভ শুরু করে সড়কে অবস্থান নেয় স্থানীয় বিক্ষুব্ধ জনতা। মিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হাফিজুর রহমান এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, "স্থানীয় জনতা মিরপুর-১০ নম্বরে সড়কে অবস্থান নিয়েছে। শিশু রামিসা হত্যা ও ধর্ষণের প্রতিবাদে আসামিদের বিচারের দাবিতে দুপুর ১২টার দিকে তারা সড়কের একপাশে অবস্থান নেয়। বর্তমানে একপাশের রাস্তার মাঝখানে আন্দোলন করছে। আমরা একটা সাইড দিয়ে এক লেনে গাড়িগুলো পাস করে দিচ্ছি। এখন যানবাহন চলাচল কিছুটা স্বাভাবিক।„

(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## ঝিনাইদহে নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর ডিম নিক্ষেপ-হামলা

ঝিনাইদহে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর ডিম নিক্ষেপ ও হামলার ঘটনা ঘটেছে। এতে অন্তত ছয়জন আহত হয়েছেন। শুক্রবার (২২ মে) দুপুর ২টার দিকে ঝিনাইদহ পুরাতন কালেক্টরেট মসজিদের সামনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, জুমার নামাজ শেষে মসজিদ থেকে বের হচ্ছিলেন নাসীরুদ্দীন পাটওয়ারী। এসময় ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ তার সঙ্গে কথা বলতে আসেন। কথা বলার একপর্যায়ে ছাত্রদল নেতা সাহেদ আহম্মেদের পেছন দিক থেকে কিছু যুবক পাটওয়ারীকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ করেন। এসময় উভয়পক্ষের মধ্যে হাতাহাতি ও মারামারির ঘটনা ঘটে। এতে এনসিপির কয়েকজন স্থানীয় কর্মী আহত হন। পরে এনসিপির নেতা-কর্মীরা বিক্ষোভ করেন। এ বিষয়ে ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ বলেন, "‶নাসীরুদ্দীন পাটওয়ারী বিভিন্ন জেলায় সফরে গিয়ে বিএনপির সিনিয়র নেতাদের নিয়ে কুরুচিপূর্ণ বক্তব্য দিচ্ছেন। তিনি ঝিনাইদহে সফরে এলে আমি তার সঙ্গে সাক্ষাৎ করে কুরুচিপূর্ণ বক্তব্য না দেওয়ার বিষয়ে আলাপ করতে যাই। এসময় স্থানীয় বিক্ষুব্ধ জনতা ডিম নিক্ষেপ করে। মারামারি বা ডিম নিক্ষেপের সঙ্গে আমাদের কোনো সম্পর্ক নেই।„ (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## জামালপুরের ৪০০ গরু নিয়ে ঢাকার পথে ক্যাটল স্পেশাল ট্রেন

করোনা পরিস্থিতি আর কম খরচে পশু পরিবহণে ২০২১ সাল থেকে ক্যাটল স্পেশাল ট্রেন চালু করে বাংলাদেশ রেলওয়ে। এরই ধারাবাহিকতায় এবার জামালপুর থেকে তিনটি ট্রেনের ৭৫টি ওয়াগনে এক হাজার ২০০টি গরু নিয়ে ঢাকায় যাচ্ছে ক্যাটল স্পেশাল ট্রেন। এর মধ্যে দুটি ট্রেন শুক্রবার আর শেষ ট্রেনটি যাবে শনিবার বিকেলে। শুক্রবার (২২ মে) বিকেল ৪টার দিকে জামালপুরের ইসলামপুর বাজার স্টেশন থেকে ২৫টি ওয়াগনে ৪০০ গরু নিয়ে প্রথম ট্রেনটি ঢাকার উদ্দেশ্যে রওয়ানা দেয়। ব্যবসায়ীরা বলছেন, ট্রেনে পশু পরিবহণে খরচ কমার পাশাপাশি এড়ানো যাবে যানজটের ভোগান্তি ও দুর্ঘটনার ঝুঁকি। পেশায় একজন গরু ব্যবসায়ী আলী আকবর। তিনি জাগো নিউজকে বলেন, "আমি প্রতি বছরই গরু নিয়ে ঢাকায় যাই। আল্লাহর রহমতে সব গরু বিক্রি হয়ে যায়। এবারও আটটি গরু নিয়ে যাইতাছি। আল্লাহ রহম করলে এবারও সব গরু বিক্রি হয়ে যাবো।"

(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## টিকিটবিহীন যাত্রী ঠেকাতে এবারও কমলাপুরে বাঁশের বেড়া

পবিত্র ঈদুল আজহাকে সামনে রেখে রাজধানীর কমলাপুর রেলওয়ে স্টেশন এলাকায় ঘরমুখো মানুষের চাপ বাড়তে শুরু করেছে। আর এই অতিরিক্ত ভিড় ও টিকিটবিহীন যাত্রীদের প্রবেশ ঠেকাতে এবারও বসানো হয়েছে বাঁশের বেড়া। শুক্রবার (২২ মে) দুপুরে স্টেশনে প্রবেশ করতেই এই চিত্র দেখা গেছে। স্টেশন ঘুরে দেখা গেছে, প্রবেশপথের বিভিন্ন অংশে বাঁশ দিয়ে অস্থায়ী ব্যারিকেড তৈরি করা হয়েছে। নির্ধারিত পথ ছাড়া যাত্রীদের চলাচল সীমিত রাখতে এসব ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। টিকিটধারী যাত্রীরা যেন নির্বিঘ্নে প্ল্যাটফর্মে প্রবেশ করতে পারেন, সেজন্য প্রতিটি প্রবেশপথে টিকিট যাচাই করা হচ্ছে। এছাড়া, প্ল্যাটফর্মের প্রবেশ মুখে র্যাব, রেলওয়ে পুলিশ, রেলওয়ে নিরাপত্তা বাহিনী (আরএনবি) এবং পুলিশের কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## বিআইডব্লিউটিএ-বিআইডব্লিউটিসির ১৬ জনকে স্ট্যান্ড রিলিজ

বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) ও বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ করপোরেশনের (বিআইডব্লিউটিসি) ১৬ জন কর্মকর্তা-কর্মচারীকে তাৎক্ষণিক বদলি (স্ট্যান্ড

রিলিজ) করা হয়েছে। শুক্রবার (২২ মে) নৌপরিবহণ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, নৌপরিবহণ মন্ত্রণালয় এবং সেতু বিভাগের প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান সম্প্রতি বরিশাল এবং ঢাকায় নৌপরিবহণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার কার্যালয় আকস্মিক পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি বেশ কয়েকজন কর্মকর্তা-কর্মচারীকে কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত দেখতে পান। এছাড়া, অনেককে নির্ধারিত সময়ের পরে কর্মস্থলে উপস্থিত হতে দেখা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## সীমান্তে ভারতীয় চোরাকারবারিদের লক্ষ্য করে বিজিবির ফাঁকা গুলি

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলা সীমান্তে অবৈধভাবে প্রবেশের চেষ্টাকালে ভারতীয় চোরাকারবারিদের লক্ষ্য করে দুই রাউন্ড ফাঁকা গুলি ছুঁড়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। তবে এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। গুলির শব্দে চোরাকারবারিরা পিছু হটে ভারতে পালিয়ে যান। বৃহস্পতিবার (২২ মে) দিনগত রাত আড়াইটার দিকে রংপুর ব্যাটালিয়নের (৫১ বিজিবি) অধীন কুচলিবাড়ি ইউনিয়নের কলসিমুখ বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকায় এ ঘটনা ঘটে। বিজিবি সূত্র জানায়, বৃহস্পতিবার মধ্যরাতে মেইন পিলার ৮০৬ থেকে প্রায় ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে পশ্চিম গিয়ারপাড়া এলাকায় বিজিবির একটি টহলদল দায়িত্ব পালন করছিল। এসময় তারা দেখতে পান, ভারতীয় কাঁটাতারের বেড়া ছেদ করে একদল চোরাকারবারি বাংলাদেশে প্রবেশের চেষ্টা করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে শিশু ধর্ষণচেষ্টার অভিযোগে মামলা

চট্টগ্রাম নগরের বাকলিয়া এলাকায় সাড়ে তিন বছরের এক শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। মামলায় অভিযুক্ত মনিরকে একমাত্র আসামি করা হয়েছে। শুক্রবার (২২ মে) বাকলিয়া থানার এক কর্মকর্তা জানান, ভুক্তভোগী শিশুর বাবা বাদী হয়ে মামলাটি করেছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে বাকলিয়ার চেয়ারম্যানঘাটা এলাকার এক বাসা থেকে শিশুটি নিখোঁজ হয়। পরে বিকেলে আবু জাফর রোডের বিসমিল্লাহ ম্যানশন নামের একটি ভবন থেকে তাকে উদ্ধার করা হয়। উদ্ধার হওয়ার পর শিশুটির শারীরিক অবস্থা ও অস্পষ্ট বক্তব্য দেখে স্বজনদের মধ্যে সন্দেহ তৈরি হয় যে, সে যৌন নিপীড়নের শিকার হয়েছে। এ খবর ছড়িয়ে পড়লে এলাকায় উত্তেজনা দেখা দেয় এবং স্থানীয় লোকজন রাস্তায় নেমে বিক্ষোভ শুরু করেন। স্থানীয়দের দাবি, ওই এলাকার এক ডেকোরেশন দোকানের কর্মচারী মনির শিশুটিকে ফুসলিয়ে দোকানে নিয়ে গিয়ে ধর্ষণচেষ্টা করেন। এ ঘটনায় মনির নিজেও অপরাধ স্বীকার করেছেন বলে দাবি উঠলেও, এর কোনো আনুষ্ঠানিক সত্যতা পাওয়া যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## শেষ হলো হজ ফ্লাইট, সৌদি পৌঁছেছেন নিবন্ধিত সব হজযাত্রী

চলতি বছরের হজ ফ্লাইট শেষ হয়েছে। সৌদি আরবে পৌঁছেছেন বাংলাদেশ থেকে নিবন্ধিত সব হজযাত্রী। হজ অফিসের পরিচালক মো. লোকমান হোসেন শুক্রবার (২২ মে) দুপুরে সৌদি আরবের মক্কা থেকে জাগো নিউজকে বলেন, গতরাতে হজ ফ্লাইট শেষ হয়েছে। আলহামদুলিল্লাহ, নিবন্ধিত সব হজযাত্রী সৌদি আরবে পৌঁছেছেন। তিনি বলেন, ১৯ জনের মতো হজযাত্রীর জটিলতা ছিল, তাদেরও নিয়ে আসা হয়েছে। হজ অফিসের এই পরিচালক আরও বলেন, সৌদি আরবে পৌঁছানো হজযাত্রীর সংখ্যা কোটার থেকে কিছুটা কম আছে। কিছু সংখ্যা মূলত আপৎকালীন সময়ের জন্য সংরক্ষণ করা হয়। নিবন্ধিত হজযাত্রীর বাইরে এ সংখ্যাটা সংরক্ষণ করা হয়। শুক্রবার (২২ মে) ধর্ম মন্ত্রণালয়ের হজ পোর্টালে আইটি হেল্পডেস্কের প্রতিদিনের বুলেটিন থেকে জানানো হয়েছে, এখন পর্যন্ত ১৯৯টি হজ ফ্লাইটে সৌদি আরবে পৌঁছেছেন ৭৭ হাজার ৪৩২ জন বাংলাদেশি হজযাত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## বদলির কথা বলে মোটা অঙ্কের টাকা আদায়, মন্ত্রণালয়ের কর্মচারী গ্রেফতার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক নারী কর্মচারীর নেতৃত্বে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বদলি ও পদায়নের কথা বলে মোটা অঙ্কের টাকা নেওয়ার অভিযোগে দুইজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গ্রেফতার দু-জন হলেন- এম আমিনুর রহমান শান্ত (৪৪) ও নিলুফা সুলতানা (৫৬)। ডিবি জানিয়েছে, প্রতারক চক্র নিজেদের কখনও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, কখনও রাজনৈতিকভাবে প্রভাবশালী ব্যক্তি বা প্রশাসনিক ব্যক্তির আত্মীয় পরিচয় দিয়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কাছ থেকে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নিচ্ছিলেন। শুক্রবার (২২ মে) দুপুরে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## আসামি সোহেল অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত ছিল : ডিবিপ্রধান

রাজধানীর পল্লবীতে ৭ বছরের শিশু রামিসা আক্তার হত্যাকাণ্ডের প্রধান অভিযুক্ত জাকির হোসেন ওরফে সোহেল রানা আগেও নানা অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত ছিল। তার অতীত কর্মকাণ্ড ভালো ছিল না। শুক্রবার (২২ মে) ডিএমপি

মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম এ কথা বলেন। তিনি বলেন, শিশু রামিশা হত্যাকাণ্ডে দায়েরকৃত মামলাটির তদন্ত প্রতিবেদন দ্রুত সময়ের মধ্যে আদালতে জমা দেওয়া হবে। প্রধান অভিযুক্ত জাকির হোসেন ওরফে সোহেল রানা এর আগেও নানা অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত ছিল। অতীত কর্মকাণ্ড ভালো ছিল না। তার স্বাভাবচরিত্র খারাপ ছিল। গতকাল বৃহস্পতিবার রাতে প্রধানমন্ত্রী তারেক রহমান রামিসার বাসা থেকে বের হওয়ার পর স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সাংবাদিকদের বলেন, প্রধানমন্ত্রী এসেছিলেন। মা, বাবা এবং তার বড়ো বোন উপস্থিত ছিলেন, সান্ত্বনা দিয়েছেন। আমরা আশ্বস্ত করেছি, পুলিশ ডিপার্টমেন্ট দ্রুততার সঙ্গে আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে। আসামি ১৬৪ ধারায় তার স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। এখন চার্জশিট দেওয়ার পালা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## ঢাকায় এনসিপিতে কয়েকশ মানুষের যোগদান

ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ থেকে বিভিন্ন পেশাজীবীসহ কয়েকশ মানুষ জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগদান করেছেন। শুক্রবার (২২ মে) বিকেলে জাতীয় প্রেস ক্লাবের কাজী নজরুল ইসলাম অডিটোরিয়ামে এ যোগদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এনসিপির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলামের উপস্থিত ছিলেন। এছাড়া, দলের মুখ্যসংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম, ঢাকা মহানগর উত্তর এনসিপির আরিফুল ইসলাম আদিব, ঢাকা মহানগর দক্ষিণ এনসিপির আহ্বায়ক ইসহাক সরকার, যুগ্ম আহ্বায়ক আলী আহসান জুনায়েদসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামের শিশুটিকে দেখতে হাসপাতালে মহানগর জামায়াত আমির

চট্টগ্রামের বাকলিয়ায় ধর্ষণচেষ্টার শিকার চার বছর বয়সি শিশুটিকে দেখতে হাসপাতালে গেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও চট্টগ্রাম মহানগরীর আমির মুহাম্মদ নজরুল ইসলাম। শুক্রবার (২২ মে) বেলা ১১টায় তিনি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টারে গিয়ে শিশুটির শারীরিক অবস্থার খোঁজ-খবর নেন এবং কর্তব্যরত চিকিৎসকদের সঙ্গে কথা বলেন। এসময় তিনি শিশুটির পরিবারের সদস্যদের সান্ত্বনা দেন। মুহাম্মদ নজরুল ইসলাম বলেন, শিশুটি এখনো ভীতসন্ত্রস্ত, তার পরিবারও আতঙ্কিত। আমরা তাদের ধৈর্য ধারণের আহ্বান জানিয়েছি। একটি নিষ্পাপ শিশুর প্রতি এ ধরনের নৃশংস ও অমানবিক ঘটনা অত্যন্ত মর্মান্তিক ও উদ্বেগজনক। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামের বলাকা রুলিং মিল মাঠে পশুর হাটে হাইকোর্টের নিষেধাজ্ঞা

চট্টগ্রামের আকবর শাহ থানাধীন সলিমপুরের বলাকা রুলিং মিলের মাঠে কোরবানির পশুর হাট বসানোর ওপর নিষেধাজ্ঞা জারি করেছেন হাইকোর্ট। একইসঙ্গে, সেখানে পশুর হাট বসানো কেন বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। সংশ্লিষ্টদের এই রুলের জবাব দিতে বলা হয়েছে। আদেশের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন রিটকারীদের আইনজীবী মো. আলী হোসেন। এ সংক্রান্ত বিষয়ে দায়ের করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে বৃহস্পতিবার (২১ মে) হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন সাবেক বিচারপতি ও সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট মো. আমিনুল ইসলাম। সঙ্গে ছিলেন অ্যাডভোকেট মো. আলী হোসেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## হজ পালনে সৌদি আরব গেলেন সেনাপ্রধান

পবিত্র হজ পালনের উদ্দেশ্যে বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনা রেল ওয়াকার-উজ-জামান সৌদি আরব গেছেন। শুক্রবার (২২ মে) তিনি সস্ত্রীক সৌদি আরব যান। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর। আইএসপিআর জানায় , সৌদি সরকারের আমন্ত্রণে রাজকীয় অতিথি হিসেবে তিনি সৌদি আরব সফরে করছেন। সফরকালে তিনি পবিত্র মক্কা ও মদিনায় হজের আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। হজ পালন শেষে আগামী ১ জুন দেশে ফিরবেন সেনাপ্রধান। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## আপনারা চাইলে ঘোষণা দিয়ে ফ্যাসিবাদ কায়েম করুন: বিএনপিকে আসিফ মাহমুদ

বিএনপির উদ্দেশ্যে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেছেন , আপনারা যদি চান, তারেক রহমানকে নিয়ে কেউ কিছু বলতে পারবেন না , তাহলে ঘোষণা দিয়ে ফ্যাসিবাদ ও স্বৈরশাসন কায়েম করুন। শুক্রবার (২২ মে) বিকেল ৫টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ মিছিলে বিএনপির উদ্দেশ্যে এ কথা বলেন তিনি। ঝিনাইদহে এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর বিএনপি-ছাত্রদল-যুবদলের হামলার প্রতিবাদে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। এতে দলের বিভিন্ন পর্যায়ের নেতা -কর্মীরা অংশ নেন। আসিফ মাহমুদ সজিব ভুঁইয়া বলেন, তারেক রহমান বলেছিলেন , তার একটা প্ল্যান আছে। তার প্ল্যান কি নিজেদের ছাত্রসংগঠনের গুন্ডা -পান্ডাদের

হাতে অস্ত্র তুলে দেওয়া , সেটিই এখন মনে হচ্ছে। নামাজের পর আওয়ামী লীগের মতো ফ্যাসিবাদী কায়দায় হামলা করা হয়েছে। তিনি বলেন , গণতান্ত্রিক দেশে সরকারকে যে কেউ প্রশ্ন করতে পারে। আমরা দেখছি , সরকারের সমালোচনা করার কার ণে গ্রেফতার করতে , শেখ হাসিনাও এ কাজগুলো করতো। আপনারা যদি চান , তারেক রহমানকে নিয়ে কেউ কিছু বলতে পারবেন না , তাহলে ঘোষণা দিয়ে ফ্যাসিবাদ এবং স্বৈরশাসন কায়েম করুন। এসময় দলের কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## রামিসা হত্যা; আসামির পক্ষে মামলা লড়বেন না ঢাকা বারের কোনো আইনজীবী

রাজধানীর পল্লবীতে সাত বছরের শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার ঘটনায় দায়ের করা মামলায় আসামির পক্ষে ঢাকা আইনজীবী সমিতির (ঢাকা বার) কোনো সদস্য আইনগত সহায়তা দেবেন না বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শুক্রবার (২২ মে) সকালে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে বিষয়টি নিশ্চিত করেন ঢাকা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ কালাম খান। ফেসবুক পোস্টে তিনি জানান, ঢাকা আইনজীবী সমিতির কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, সমিতির কোনো আইনজীবী রামিসা হত্যা মামলার আসামির পক্ষে মামলা পরিচালনায় অংশ নেবেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৫.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর সঙ্গে সিটি করপোরেশনের প্রশাসকদের বৈঠক

প্রশাসনিক কার্যক্রম ও সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠকে বসেছেন সিটি করপোরেশনের প্রশাসকরা। শুক্রবার (২২ মে) রাজধানীর গুলশানে বিএনপির চেয়ারম্যানের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বিএনপির মিডিয়া সেল সূত্রে এ তথ্য জানা গেছে। মিডিয়া সেলের তথ্য অনুযায়ী , আজ রাজধানীর গুলশানে বিএনপির চেয়ারম্যানের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন সিটি করপোরেশনে র প্রশাসকেরা অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার প্রতিবাদে বিক্ষোভের ডাক এনসিপির

ঝিনাইদহে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিলের ডাক দিয়েছে দলটি । শুক্রবার (২২ মে) বিকেল ৫টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে এ বিক্ষোভ মিছিল হবে বলে জানিয়েছে এনসিপির মিডিয়া টিম। দলটির অভিযোগ , বিএনপি, ছাত্রদল ও যুবদলের নেতা -কর্মীরা নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলা করেছেন। আজ দুপুর ২টার দিকে ঝিনাইদহ পুরাতন কালেক্টরেট মসজিদের সা মনে নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর ডিম নিক্ষেপ ও হামলার ঘটনা ঘটে। এতে অন্তত ছয়জন আহত হন। প্রত্যক্ষদর্শীরা জানান, জুমার নামাজ শেষে মসজিদ থেকে বের হচ্ছিলেন নাসীরুদ্দীন পাটওয়ারী। এসময় ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ তার সঙ্গে কথা বলতে আসে ন। কথা বলার এক পর্যায়ে সাহেদ আহম্মেদের পেছন দিক থেকে কিছু যুবক পাটওয়ারীকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ করেন। এসময় উভয়পক্ষের মধ্যে হাতাহাতি ও মারামারির ঘটনা ঘটে। এতে এনসিপির কয়েকজন স্থানীয় কর্মী আহত হন। পরে এনসিপির নেতা -কর্মীরা বিক্ষোভ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## ঢাকায় এনসিপিতে কয়েকশ মানুষের যোগদান

ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ থেকে বিভিন্ন পেশাজীবীসহ কয়েকশ মানুষ জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগদান করেছেন। শুক্রবার (২২ মে) বিকেলে জাতীয় প্রেস ক্লাবের কাজী নজরুল ইসলাম অডিটোরিয়ামে এ যোগদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এনসিপির আহ্বায়ক ও বি রোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম উপস্থিত ছিলেন। এছাড়া, দলের মুখ্যসংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম, ঢাকা মহানগর উত্তর এনসিপির আরিফুল ইসলাম আদিব, ঢাকা মহানগর দক্ষিণ এনসিপির আহ্বায়ক ইসহাক সরকার , যুগ্ম আহ্বায়ক আলী আহসান জুনায়েদসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## আমার শতভাগ বিশ্বাস, মেয়ে হত্যার বিচার পাবো : রামিসার বাবা

রাজধানীর পল্লবীতে হত্যাকাণ্ডের শিকার শিশু রামিসার বাবা আব্দুল হান্নান মোল্লা বলেছেন , ”প্রধানমন্ত্রী আমাকে বলেছেন, একজন মেয়ের বাবা হিসেবে এবং একজন বড়ো ভাই হিসেবে আমি এখানে (তার বাসায়) এসেছি। তার ভালোবাসা এবং আমাকে দেওয়া যে কথা , সে কথার ওপর আমি ১০০ ভাগ বিশ্বাসী যে, আমার মেয়ে হত্যার বিচার পাবো। সুষ্ঠু এবং দ্রুত বিচার পাবো। „ শুক্রবার (২২ মে) দুপুরে জুমার নামাজের পর মুন্সিগঞ্জের সিরাজদিখানের ইছাপুরা ইউনিয়নের মধ্য শিয়ালদী এলাকার বায়তুল আমান জামে মসজিদের পাশের পারিবারিক কবরস্থানে শিশু রামিসার কবর জিয়ারত করেন পরিবারের সদস্যরা। পরে তার বাবা আব্দুল হান্নান মোল্লা সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। এসময় রামিসার বাবা হান্না ন বলেন, ”বাংলাদেশের সাংবিধানিক আইন অনুসারে আমি হত্যাকারীর সর্বোচ্চ শাস্তি প্রত্যাশা করি। প্রধানমন্ত্রী, আইনমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন, দেশের আইন মেনে সর্বোচ্চ শাস্তি যেটা আছে, সেটা

যাতে নিশ্চিত করা হয়। „ এর আগে, রামিসার জন্য মসজিদে দোয়া করা হয়। এসময় উপস্থি ত ছিলেন মুন্সিগঞ্জ -১ আসনের সংসদ সদস্য মো. আব্দুল্লাহসহ স্থানীয় বিএনপির নেতা-কর্মীসহ এলাকাবাসী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## ছাত্রদল নেতার রিসোর্টে আগুন, ৬০-৭০ লাখ টাকার ক্ষতি

কক্সবাজার সৈকত পাড়ে একটি ইকো রিসোর্টে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে কয়েকটি ঘর পুড়ে ছাঁ ই হয়ে গেছে। শুক্রবার (২২ মে) সকাল ১০টার দিকে সৈকতের কলাতলী ও সুগন্ধা পয়েন্টের মাঝামাঝি প্যাসিফিক বিচ লাউঞ্জ ইকো রিসোর্টে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। স্থানীয় একাধিক আবাসিক হোটেলের কর্মকর্তারা জানান , সকাল ১০টার দিকে হঠাৎ বেলাভূমির কিনারের বিচ লাউঞ্জ রিসোর্টে ধোঁয়া দেখা যায়। একটু পর আগুনের লেলিহান শিখা উড়তে দেখা যায়। রিসোর্টটি কাছাকাছি দেখা গেলেও , সেখানে যাওয়ার পথ অনেক ঘোরা ছিল। ফলে আগুন নেভাতে দেরি হয়ে যায়। রিসোর্টের মালিক যুবদল নেতা জাবেদ ইকবাল বলেন , "কীভাবে আগুন লেগেছে, তা বলতে পারছি না। আগুন যখন লাগে, তখন বিদ্যুৎ ছিল না। আগুনে রিসোর্টের তিনটি ঘরসহ একটি স্টোররুম পুড়ে ছাঁ ই হয়ে গেছে। তবে রিসোর্টের কোনো ধরনের ক্ষতি হয়। „ আগুনে আনুমানিক ৬০-৭০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৫.২০২৬ রুবাইয়া)

## দুই বন্ধুর জীবনে একসঙ্গে বাজলো ছুটির ঘণ্টা

ছুটির দিনে রাজধানীর ব্র্যাক ইউনিভার্সিটি থেকে ১৩ বন্ধুকে সঙ্গে নিয়ে মুন্সিগঞ্জের গ্রামের বাড়িতে বেড়াতে এসেছিলেন। ইচ্ছা ছিল গ্রামীণ পরিবেশে নিজেদের মতো করে সময় কাটাবেন। কিন্তু সেই ইচ্ছা আর পূরণ হলো না। পুকুরে গোসল করতে নেমে প্রাণ গেছে দুই বন্ধুর। শুক্রবার (২২ মে) বিকেল সাড়ে ৫টার দিকে মুন্সিগঞ্জ শহরের দেওভোগ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- মুন্সিগঞ্জ পশ্চিম দেওভোগ এলাকার মৃত মোস্তাকুর রহমানের ছেলে সোপান এবং ঢাকার মিরপুরের রিপন মিয়ার ছেলে আজওয়াদ। তারা স্নাতক দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী বলে জানা গেছে। নিহতের পরিবার ও স্থানীয় সূত্র জানায় , সকালে বন্ধুদের সঙ্গে নিয়ে মুন্সিগঞ্জের গ্রামের বাড়িতে বেড়াতে আসেন বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী সোপান। বিকেল সা ড়ে ৩টার দিকে নিজ বাড়িতে খাওয়া -দাওয়া শেষে দুই বন্ধু সোপান ও আজওয়াদ গ্রামের বাড়ির নিজস্ব পুকুরে গোসল করতে নামেন। তবে , সাঁতার না জানায় আজওয়াদ পানিতে তলিয়ে যান। বিষয়টি টের পেয়ে সোপান দ্রুত তাকে উদ্ধার করতে গেলে তিনিও নিখোঁজ হন। পরে স্থানীয়রা অচেতন অবস্থায় দু -জনকে উদ্ধার করে মুন্সিগঞ্জ জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎস করা দু-জনকেই মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২. ০৫.২০২৬ রুবাইয়া)

## অবশেষে শনিবার থেকেই প্রাথমিক বিদ্যালয়ের ছুটির ঘোষণা

শিক্ষকদের অসন্তোষ ও সমালোচনার মুখে অবশেষে শনিবার (২৩ মে) থেকেই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ঈদুল আজহার ছুটি শুরুর ঘোষণা দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ফলে বৃহস্পতিবারের (২১ মে) পর প্রাথমিক বিদ্যালয়ে আর কোনো কর্মদিবস থাকছে না। রোববার (২৪ মে) ছুটি শুরুর আগে শুক্র ও শনিবার (২২ ও ২৩ মে) ছুটি পাচ্ছে প্রাথমিকের শিক্ষক-শিক্ষার্থীরা। শুক্রবার (২২ মে) রাত পৌনে ৯টার দিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. তানভীর মিয়া জানান, আগামীকাল শনিবার ২৩ মে থেকে ৬ জুন শনিবার পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে। অর্থাৎ, শুক্রবার (২২ মে) থেকেই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছুটি শুরু হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ : ২২.০৫.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## পরিচ্ছনকর্মীদের ঈদ বোনাস, হস্তান্তর করলেন প্রধানমন্ত্রী

ঈদুল আজহা উপলক্ষ্যে দেশের সকল সিটি করপোরেশনের পরিচ্ছন্নকর্মীদের জন্য ঈদ উপহার, দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার সন্ধ্যা য় রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ের তিনি সিটি করপোরেশনের মেয়র ও প্রশাসকদের কাছে চেক হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন ঢাকা মহানগর দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক আব্দুস সালাম, উত্তর সিটির প্রশাসক শফিকুল ইসলাম খান মিল্টন , চট্টগ্রাম সিটির মেয়র ডা. শাহাদাত হোসেন , খুলনার প্রশাসক নজরুল ইসলাম মঞ্জু , গাজীপুরের শওকত হোসেন সরকার , নারায়ণগঞ্জের অ্যাডভোকেট মো. সাখাওয়াত হোসেন খান, সিলেটের আব্দুল কাইয়ুম চৌধুরী , বরিশালের বিলকিস জাহান শিরীনসহ ১৩ সিটির প্রশাসক। এর আগে , বিকেলে বাসায় আসর নামাজ পড়ে পা য়ে হেঁটে গুলশানের দলীয় কার্যালয়ে যান প্রধানমন্ত্রী বলে জানান অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। তিনি বলেন , প্রধানমন্ত্রী তারেক রহমান ছুটির দিনে দলের কার্যালয়ে এসেছেন একটি অনুষ্ঠানে যোগ দিতে। সারা দেশের সিটি করপোরেশনের প্রশাসক -মেয়রের কাছে ইদ বোনাস হস্তা ন্তর করেছেন। প্রসঙ্গ , এ বছরের ঈদুল ফিতরে সিটি করপোরেশনের পরিচ্ছন্নতাকর্মীদের ৫ হাজার টাকা করে ঈদ উপহার দিয়েছিলেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৫.২০২৬ আসাদ)

## সব স্কুল-কলেজের জন্য মাউশির জরুরি নির্দেশনা

দেশের সব সরকারি ও বেসরকারি মাধ্যমিক স্কুল , কলেজ এবং স্কুল অ্যান্ড কলেজকে নিজস্ব ওয়েবসাইট তৈরি ও তথ্য নিয়মিত হালনাগাদ করার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর মাউশি। একইসঙ্গে , মাঠপর্যায়ের সব শিক্ষা অফিসকেও আগামী ৪ জুনের মধ্যে এই নির্দেশনা বাস্তবায়ন করে নির্ধারিত গুগল ফরমে তথ্য জমা দিতে বলা হয়েছে। বৃহস্পতিবার মাউশির মহাপরিচালক প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেলের সই করা এক অফিস আদেশে এই নির্দেশনা দেওয়া হয়। মাউশির অফিস আদেশে বলা হয়েছে, জাতীয় তথ্য বাতায়নের অধীনে মাউশির আওতাধীন আঞ্চলিক কার্যালয়, জেলা ও উপজেলা শিক্ষা অফিস এবং সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ওয়েবসাইট চালু থাকলেও, সেগুলোতে প্রয়োজনীয় তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না। অন্যদিকে , বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর নিজস্ব ওয়েবসাইট তৈরি ও তা নিয়মিত আপডেট করার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বনির্ধারিত নির্দেশনা রয়েছে। নির্দেশনায় আরো উল্লেখ করা হয়, মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী, সব সরকারি দপ্তরের ওয়েবসাইটে কর্মরত কর্মকর্তাদের নাম, পদবি, সচল মোবাইল ও টেলিফোন নম্বর এবং ই -মেইল ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্য প্রতিনিয়ত দৃশ্যমান ও হালনাগাদ রাখা বাধ্যতামূলক। কিন্তু মাঠপর্যায়ের অনেক অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান এই নির্দেশনা যথাযথভাবে পালন করছে না, যা অত্যন্ত জরুরি ও আবশ্যকীয় একটি বিষয়। এই পরিস্থিতিতে, আগামী ৪ জুনের মধ্যে মাউশির আওতাধীন দেশের সব আঞ্চলিক, জেলা ও উপজেলা শিক্ষা অফিস এবং সরকারি-বেসরকারি স্কুল ও কলেজসমূহকে তাদের নিজস্ব ওয়েবসাইট তৈরি অথবা হালনাগাদ করার কাজ নিশ্চিত করতে হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৫.২০২৬ আসাদ)

## কমনওয়েলথ কার্যনির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হলো বাংলাদেশ

২০২৬-২৮ মেয়াদের জন্য কমনওয়েলথ বোর্ড অব গভর্নরসের নির্বাহী কমিটি এক্সকো সদস্য হিসেবে সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয়েছে বাংলাদেশ। কমনওয়েলথ এক্সিকিউটিভ কমিটি ১৬টি সদস্য নিয়ে গঠিত , যার মধ্যে আটটি সর্বোচ্চ অবদানকারী সদস্য রাষ্ট্র এবং বাকি আটটি চারটি অঞ্চল থেকে নির্বাচিত হয়। বৃহস্পতিবার যুক্তরাজ্যের লন্ডনে কমনওয়েলথ সচিবালয়ে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরসের এক সভায় এশিয়া -ইউরোপ অঞ্চল থেকে বাংলাদেশ নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হয়। বোর্ড সভায় বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন ভারপ্রাপ্ত হাই কমিশনার ড. নজরুল ইসলাম। কমনওয়েলথ সচিবালয় অর্থ , কর্মচারী এবং প্রশাসন সম্পর্কিত সমস্ত বিষয় তদারকি করে থাকে। এ কমিটি কমনওয়েলথ বোর্ডের গভর্নরদের জন্য নীতিগত সুপারিশও তৈরি করে। এছাড়াও কমিটিটি কমনওয়েলথের নতুন এবং স্বীকৃত সংস্থাগুলোর সদস্যপদ পরীক্ষা করে। নির্বাহী কমিটিতে বাংলাদেশের সর্বসম্মতিক্রমে নির্বাচিত হওয়া কমনওয়েলথের গভীর অঙ্গীকার , সক্রিয় অবদান এবং শক্তিশালী নেতৃত্বের প্রতিফলন ঘটায় বলে মনে করছেন সংশ্লিষ্টরা। কমনওয়েলথ প্রথম আন্তর্জাতিক সংস্থা যেখানে বাংলাদেশ স্বাধীনতা পরবর্তী যোগদান করেছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৫.২০২৬ আসাদ)

## যারা শিশু ধর্ষণ করে, তাদের কোনোভাবে ছাড় দেওয়া হবে না: সমাজ কল্যাণমন্ত্রী

সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন বলেছেন , যারা শিশু নির্যাতন করে কিংবা ধর্ষণ করে, তাদের কোনোভাবে ছাড় দেওয়া হবে না। যারা এ ধরনের জঘন্য ঘটনা ঘটায় , তাদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড কার্যকর করা হবে। তিনি আরও বলেন , দেশনেত্রী বেগম খালেদা জিয়া শিশু ধর্ষণকারীর সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান করেছেন। শুক্রবার বিকেল ৪টায় দিনাজপুরের হাকিমপুরে উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, বর্তমান সরকারের সময়ে এ ধরনের ঘটনায় পুলিশ অপরাধীকে ২৪ ঘণ্টার মধ্যে গ্রেফতার করেছে। এ ধরনের ঘটনায় সর্বোচ্চ পর্যায় থেকে দ্রুত বিচার করার জন্য নিশ্চয়তা দেওয়া হয়েছে। শিশু ধর্ষণ, নারী নির্যাতন, চাঁদাবাজি করলে তাদের বিন্দুমাত্র ছাড় দেওয়া হবে না। সে যে দলেরই হোক না কেন। বিএনপি সরকার জনগণের ভোটের সরকার বলে উল্লেখ করে ডা. জাহিদ বলেন, কিছু কিছু ঘটনায় একটি পক্ষ রাজনীতির মাঠে পানি ঘোলা করার চেষ্টা করছে। সাধারণ জনগণকে উত্তেজিত করে মব সৃষ্টি করার অপচেষ্টা চালাচ্ছে। ষড়যন্ত্রকারীরা বোকার স্বর্গে বাস করছে বলে মন্তব্য করেন তিনি। মন্ত্রী বলেন , বর্তমান সরকার সাধারণ মানুষের ভালোবাসা নিয়ে দেশ পরিচালনার দায়িত্ব পালন করছে। কাজেই ধাক্কা মেরে এ সরকারের পতন ঘটানো যাবে না।

(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৫.২০২৬ আসাদ)

## চ্যালেঞ্জিং হলেও এবারের ঈদযাত্রা স্বস্তির হবে: সড়কমন্ত্রী

দেড় কোটি মানুষ ও ১ কোটি কোরবানিযোগ্য পশুকে মাত্র ৩ দিনে নির্বিঘ্নে, আরামদায়ক ও স্বস্তিতে পরিবহণ করা একটি চ্যালেঞ্জ। চ্যালেঞ্জগুলোকে সমাধানের চেষ্টা করবো। সবাই সহযোগিতা করলে , জনগণ সচেতন হলে ও প্রাকৃতিক দুর্যোগ যদি না হয় , তাহলে আশা করা যায় , এবার ঈদযাত্রা স্বস্তিদায়ক করতে পারবও - এমনটাই জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। শুক্রবার কুমিল্লায় বিআরটিএ ট্রাস্টি বোর্ড ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক

কুমিল্লা জেলায় সড়ক দুর্ঘটনায় হতাহত ১১৯ জনের পরিবারের মাঝে ৪ কোটি ৮৯ লাখ টাকার চেক বিতরণ শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। কুমিল্লা জেলা প্রশাসন ও বিআরটিএ কুমিল্লা সার্কেলের যৌথ উদ্যোগে, বিআরটিএ ট্রাস্টি বোর্ড এবং বাংলাদেশ রেলওয়ের আয়োজনে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত নিহত ও আহতদের মাঝে ক্ষতিপূরণের চেক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শেখ রবিউল আলম বলেন , দেশের গুরুত্বপূর্ণ মহাসড়কগুলোর মধ্যে ঢাকা -চট্টগ্রাম মহাসড়কে সবচেয়ে বেশি চাপ থাকে। এ কারণে এই সড়ককে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। সরকারের মহাপরিকল্পনার আওতায় প্রায় ৪০০ কিলোমিটার মহাসড়ক ৮ লেনে উন্নীত করার পরিকল্পনা রয়েছে, যা ২০৩১ সালের মধ্যে বাস্তবায়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এছাড়া , প্রায় ৬০০ কিলোমিটার সড়ক ৬ লেনে এবং প্রায় ১ হাজার কিলোমিটার সড়ক ৪ লেনে উন্নীত করার পরিকল্পনাও রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৫.২০২৬ আসাদ)

## থানার সামনে অবস্থান নিলেন নাসীরুদ্দীন পাটওয়ারী

ঝিনাইদহে জুমার নামাজ শেষে হামলার অভিযোগ তুলে মামলা গ্রহণ না করার প্রতিবাদে থানার সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন নাসীরুদ্দীন পাটওয়ারী। শুক্রবার ঝিনাইদহে হামলার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবিতে থানায় গেলে তার অভিযোগ গ্রহণ করা হয়নি বলে দাবি করেন পাটওয়ারী। নেতা -কর্মীদের অভিযোগ, থানায় মামলা জমা দিলেও, নানা অজুহাতে পুলিশ মামলা নিচ্ছে না। এমনকি থানার বিদ্যুৎ বন্ধ করে দেওয়া হয়েছে। মামলা না গ্রহণ করা পর্যন্ত তাদের এ কর্মসূচি চলবে বলে জানান নেতা -কর্মীরা। এ ঘটনায় ক্ষোভ প্রকাশ করে এক ফেসবুক পোস্টে পাটওয়ারী বলেন , থানাকে দলীয় নিয়ন্ত্রণের হাতিয়ার হিসেবে ব্যবহার না করে নাগরিকের আস্থা ও ন্যায়বিচারের প্রতিষ্ঠানে পরিণত করতে হবে। তার ভাষায়, দলদাসত্বের সংস্কৃতি পরিত্যাগ করে প্রকৃত আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। তিনি আরও অভিযোগ করেন , আইনমন্ত্রীর নিজ এলাকাতেই যদি আইনের শাসন অনুপস্থিত থাকে, তবে পরিবর্তন শুরু হওয়া উচিত স্থানীয় পর্যায় থেকেই। মামলা না নেওয়ার প্রতিবাদে শুক্রবার সন্ধ্যা ৭টা থেকে ঝিনাইদহ সদর থানার সামনে জনসাধারণকে সঙ্গে নিয়ে অবস্থান কর্মসূচি শুরু করেন নাসীরুদ্দীন পাটওয়ারী। এ সময় তিনি থানাগুলো ও পুলিশ প্রশাসনের সংস্কারের দাবি জানিয়ে বলেন, দলীয় প্রভাবমুক্ত বিচারব্যবস্থা গড়ে তুলতে না পারলে প্রকৃত ন্যায়বিচার নিশ্চিত হবে না।
(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৫.২০২৬ আসাদ)

## শনিবার ময়মনসিংহ যাচ্ছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান আগামীকাল শনিবার ময়মনসিংহ সফরে যাচ্ছেন। সফরে তিনি ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মজয়ন্তী অনুষ্ঠান উদ্বোধন করবেন। পাশাপাশি প্রধানমন্ত্রী ত্রিশালে একটি খাল খনন কর্মসূচি উদ্বোধন করবেন এবং ময়মনসিংহ জেলা বিএনপির নেতাদের সঙ্গে সাংগঠনিক বৈঠক করবেন। ময়মনসিংহ জেলা প্রশাসন ও স্থানীয় বিএনপি সূত্রে জানা যায় , প্রধানমন্ত্রী সকাল নয়টায় ঢাকা থেকে সড়ক পথে ত্রিশালের উদ্দেশ্যে রওয়ানা হবে। বেলা ১২টায় ত্রিশালে একটি খাল খনন কর্মসূচি উদ্বোধন করবেন। পরে বেলা ৩টায় ত্রিশালের ঐতিহ্যবাহী নজরুল অ্যাকাডেমি মাঠে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী অনুষ্ঠান উদ্বোধন করবেন। বিকেলে তিনি ত্রিশালের নজরুল অডিটরিয়ামে ময়মনসিংহ দক্ষিণ জেলা ও উত্তর জেলা বিএনপির নেতাদের সঙ্গে বৈ ঠক করবেন। সন্ধ্যা সাড়ে ৬টা তিনি ঢাকার উদ্দেশ্যে রওয়ানা দেবেন। প্রধানমন্ত্রী আগমন ঘিরে ইতোমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে ময়মনসিংহ জেলা প্রশাসন। জানা যায় , জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতিবিজড়িত ত্রিশালে অনেক বছর এবার জাতীয় পর্যায়ে জন্ম জয়ন্তী পালন করা হবে। এতে স্থানীয় বাসিন্দাদের মধ্যে উৎসবের আমেজ বিরাজ করছেন। তিন দিনব্যাপী নজরুল জয়ন্তী উপলক্ষ্যে ত্রিশালের নজরুল অ্যাকাডেমি মাঠে বসে মেলা। পাশাপাশি একই মাঠে নজরুল মঞ্চে দিনব্যাপী চলে আলোচনা সভা ও সংস্কৃতি অনুষ্ঠান।
(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৫.২০২৬ আসাদ)

# BBC

## CUBANS GRAPPLE FUEL SHORTAGES, BLACKOUTS AS US STEPS UP PRESSURE

The incident at the centre of a murder charge against Cuba's former president, Raul Castro, is burned into the collective memory of both Havana and Miami. The US case, unveiled on Wednesday, accuses Castro and five others in the shooting down of two planes belonging to Cuban-American group Brothers to the Rescue in 1966 - killing four people, including three Americans. Cuban President Miguel Diaz-Canel has called this and other charges levelled at Castro "a political manoeuvre, devoid of any legal foundation". US Secretary of State Marco Rubio has since said Cuba poses a "national security threat" and the likelihood of a peaceful agreement between the two countries is "not high". As the charge against Raul Castro were announced, many Cubans were unaware and incommunicado due to the 20-hour blackouts

continuing to grip the island. The US has imposed a near-total fuel blockade that has affected almost every facet of daily life. (BBC News Web Page: 22/05/26, FARUK)

**US NAVY CHIEF SAYS $14BN ARMS SALE TO TAIWAN PAUSED DUE TO IRAN WAR**

The US is pausing a $14bn arms sale to Taiwan to ensure it has enough weapons for the Iran war, acting Navy secretary Hung Cao has said. Cao confirmed this at a Senate hearing, days after President Donald Trump appeared non-committal about the sale following his meetings with Chinese leader Xi Jinping. A spokesperson for Taiwan's presidential office told reporters on Friday that they had not received any information about "US adjustments to the arms sale". The sale of US arms to Taiwan has long irked Beijing, which claims the self-governed island as its territory and has not ruled out taking it by force.

(BBC News Web Page: 22/05/26, FARUK)

**AFRICA SUMMIT IN INDIA POSTPONED OVER EBOLA OUTBREAK FEARS**

Next week's India-Africa Forum Summit has been cancelled due to the Ebola crisis in the Democratic Republic of Congo and Uganda. The fourth edition of the summit, which fosters diplomatic interactions between India and countries of the African continent, was set to be held in Delhi from 28-31 May after more than a decade. In Thursday, India and the African Union said in a joint statement that the summit was being postponed due to the "emerging public health situation in the continent" and that a new date would be announced later. The move comes days after the World Health Organization (WHO) declared the latest Ebola outbreak a public health emergency of international concern.

(BBC News Web Page: 22/05/26, FARUK)

**GREENLANDERS PROTEST AGAINST TRUMP OUTSIDE NEW US CONSULATE**

Hundreds of Greenlanders gathered outside a new American consulate in the capital Nuuk on Friday to protest against Donald Trump's ambition for greater influence over the island. The protest capped a week in which the US president's special envoy to Greenland, Jeff Landry, made his first trip to the territory, a semi-autonomous part of Denmark. "Our government already told Donald Trump and his administration that Greenland is not for sale," said Aqqalukkuluk Fontain, who organized the protest. The inauguration of the new consulate and Landry's visit come amid efforts to ease diplomatic tensions after the US president's demands to control the island because of national security concerns. The crowd of a few hundred people walked through the town centre chanting "Greenland is for Greenlanders", before standing in silence with their backs turned towards the consulate. (BBC News Web Page: 22/05/26, FARUK)

**US SANCTIONS TANZANIAN POLICE OFFICIAL OVER 'TORTURE'**

The US has sanctioned a senior Tanzanian police official over allegations linked to the"torture and sexual assault" of East African rights activists Boniface Mwangi and Agather Atuhaire last year. In a statement, US Secretary of State Marco Rubio said the State Department had designated Faustine Jackson Mafwele based on "credible information that he was involved in gross violations of human rights". Tanzania's Foreign Affairs Minister Mahmoud Thabit Kombo told the BBC that the government was yet to receive the formal designation, which bars Mafwele from entering the US. The sanctions come amid growing scrutiny of Tanzania's human rights record, with US lawmakers calling for tougher action. (BBC News Web Page: 22/05/26, FARUK)

**NATO CHIEF WELCOMES US SENDING 5,000 TROOPS TO POLAND**

President Donald Trump says the US will send an extra 5,000 troops to Poland, a week after the Pentagon cancelled a planned deployment of 4,000 troops to the country. Writing on his Truth Social platform on Thursday, Trump said the decision was based on the US's relationship with Polish President Karol Nawrocki, whom he backed during presidential elections last year and who is a long-time supporter of his. Trump did not elaborate on whether the additional troops were part of the previous planned deployment or a different operation. The Nato Secretary General welcomed the move ahead of a meeting of foreign ministers in Sweden. Mark Rutte told reporters the trajectory towards Europe becoming less reliant on the US "will continue". (BBC News Web Page: 22/05/26, FARUK)

**ANGRY CROWD SETS EBOLA HOSPITAL TENTS ON FIRE IN DR CONGO**

An angry crowd set alight a section of a hospital at the epicenter of the Ebola outbreak in the eastern Democratic Republic of Congo after family and friends of a young man thought to have died from the virus were prevented from taking his body away for burial. "They started

throwing projectiles at the hospital. They even set fire to tents that were being used as isolation wards," local politician Luc Malembe told the BBC about the scene he witnessed at Rwampara General Hospital. In the chaos, police fired warning shots to disperse the crowd. The body of a dead Ebola victim is highly infectious and the authorities need to ensure safe burial to stop the spread of the virus. Medical workers at the Rwampara hospital, located near the city of Bunia in Ituri province, where almost all of the cases have been reported, were placed under military protection as the police moved in to restore order.
(BBC News Web Page: 22/05/26, FARUK)

**UK SCIENTISTS DEVELOPING NEW EBOLA**

Scientists at Oxford University have developed a new vaccine that could be used within months to help tackle the Ebola emergency. The outbreak, centered on the Democratic Republic of Congo, has reached 750 suspected cases and 177 deaths. The rare species of Ebola involved - known as Bundibugyo - kills around a third of those infected and has no proven vaccine yet. They say they are working urgently in case the outbreak spirals and their experimental vaccine is needed. On Sunday, the World Health Organization (WHO) declared a public health emergency of international concern, but stressed the outbreak was not a pandemic. The WHO has since upgraded the risk from the current Ebola outbreak from 'high' to 'very high' in the Democratic Republic of Congo. Regionally, the risk is now high, the WHO said on Friday, but remains low internationally.
(BBC News Web Page: 22/05/26, FARUK)

## :: THE END ::